ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ
# সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



স্বামীর সঙ্গে দূরত্ব পরিণীতির

পৃঃ ৫



গ্যালারিতে বসে মায়ামির রোমাঞ্চকর জয় দেখলেন মেসি

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২২২ ● কলকাতা ● ২৯ শ্রাবণ, ১৪৩১ ● বুধবার ● ১৪ আগস্ট, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

# আরজি কর-কাণ্ডে সিবিআই তদন্তেরই নির্দেশ দিল কলকাতা হাই কোর্ট



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** আরজি কর-কাণ্ডে সিবিআই তদন্তেরই নির্দেশ দিল কলকাতা হাই কোর্ট। মঙ্গলবার প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম মামলার কেস ডায়েরি খতিয়ে দেখেই এই নির্দেশ দিলেন। একই সঙ্গে হাই কোর্ট জানায়, রাজ্যের হাতে থাকা সব তথ্য এবং নথি সিবিআইকে দিতে হবে। শুধু তা-ই নয়, যে সব সিসিটিভি ফুটেজ সংগ্রহ করেছিল পুলিশ, তা-ও সিবিআইয়ের হাতে তুলে দিতে হবে।প্রসঙ্গত, জনস্বার্থ মামলায় মূলত তিনটি আবেদন করা হয়েছিল হাই কোর্টে। তার মধ্যে প্রধান হল নিরপেক্ষ সংস্থাকে দিয়ে এই ঘটনার তদন্ত করানো। আবেদনকারীদের আর্জি, সিবিআই বা অন্য কোনও নিরপেক্ষ সংস্থাকে এই ঘটনার তদন্তভার দেওয়া হোক। যে সংস্থার উপর রাজ্যের প্রভাব থাকবে না। এ ছাড়াও ওই ঘটনায় কে বা কারা জড়িত, অবিলম্বে তদন্ত করে তা প্রকাশ্যে আনার আবেদন জানিয়েছেন মামলাকারীরা। তাঁরা চান, এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশ দিক আদালত। সমস্ত সরকারি হাসপাতালে সিসি ক্যামেরা লাগানোর আবেদনও জানানো হয়েছে। মামলাকারীদের বক্তব্য, হাসপাতালের প্রতিটি তলার মূল প্রবেশপথে যাতে

এরপর ৩ পাতায়

## এক জওয়ানকে থানায় তুলে এনে তাঁকে নগ্ন করে ব্যাপক মারধরের অভিযোগ উঠল পুলিশের বিরুদ্ধে



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** চাঞ্চল্যকর ঘটনা রাজস্থানে। সেনাবাহিনীর এক জওয়ানকে থানায় তুলে এনে তাঁকে নগ্ন করে ব্যাপক মারধরের অভিযোগ উঠল পুলিশের বিরুদ্ধে। এই ঘটনা ঘটেছে জয়পুরের শিপ্রা পথ থানায়। বিষয়টি প্রকাশ্যে আসতেই থানায় গিয়ে জয়পুর পুলিশের এক আধিকারিকের তীব্র ভর্ৎসনা করলেন রাজস্থানের মন্ত্রী রাজ্যবর্ধন সিং রাঠোর।পাশাপাশি সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে মন্ত্রী বলেন, "এ অত্যন্ত দুঃখজনক ঘটনা এক সেনা জওয়ান যিনি কাশ্মীরে নিযুক্ত। তিনি কোনও কারণে রাজস্থান এসেছিলেন, কোনও কারণ ছাড়া তাঁকে তুলে নিয়ে গিয়ে নগ্ন করে ব্যাপক মারা হয়। এমনকী লোকজনের সামনে দাঁড় করিয়ে তাঁকে বলানো হয়, 'পুলিশ সেনার বাপ।' এটা অত্যন্ত দুঃখজনক ঘটনা।

এরপর ৩ পাতায়

## আবার মমতার মাষ্টার স্ট্রোক?



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** সদ্য সমাপ্ত লোকসভা নির্বাচনে তৃণমূল কংগ্রেস সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রচার ও একের পর এক পরিকল্পনার শোচনীয় হার হয়েছে বিজেপির। এবার ২৯৬-এর বিধানসভা নির্বাচনের সাংগঠনিক, প্রচারের প্রস্তুতি শুরু করে দিয়েছেন তৃণমূল কংগ্রেস সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়।

২৬-এর আগে ২০২৫-এর দুর্গাপুজা নাগাদ বাংলার মহিলাদের সর্বজনপ্রিয় প্রকল্প 'লক্ষ্মী ভান্ডার'-এর অনুদানের পরিমাণ দেড় হাজার টাকা করার পরিকল্পনা নিতে চলেছেন মমতা বন্দ্যোপাধ্যায়। জানা গেছে ২৫ সালেই লক্ষ্মী ভান্ডার প্রকল্পে পশ্চিমবাংলার মহিলাদের আরো ৫০০ টাকার অনুদান বাড়তে চলেছে। এছাড়া রাজ্যে সমস্ত দূর্গাপূজা কমিটি ও দুর্গাপুজা পরুচালনায় যে সব ক্লাব যুক্ত তাদের ১লক্ষ টাকা করে রাজ্য সরকারের অনুদান দেওয়া হবে। ২৪ সালে দুর্গাপুজার জন্য ক্লাব, কমিটিগুলি ৮৫ হাজার করে টাকার অনুদান পেতে চলেছে। ২৬-এর নির্বাচনকে লক্ষ্য রেখে দূর্গাপুজায় বিদ্যুৎ এর বিল-মাসুল পুরোপুরি মুক্ত করা হবে। এবছর থেকে পশ্চিমবঙ্গ সরকারের ক্রীড়া দপ্তর 'খেলা হবে' দিবস পালন করবে।

এজন্য প্রত্যেক ক্লাবগুলিকে ১ লক্ষ করে টাকা অনুদান দেওয়ার পরিকল্পনা নেওয়া হয়েছে। তৃণমূল কংগ্রেসের রাজনৈতিক পরামর্শদাতা সংস্থা আই প্যাকও তাদের রিপোর্টে ভোটের রাজনীতিতে লক্ষ্মী ভান্ডার,দূর্গাপূজায় কমিটি, ক্লাব গুলিকে অনুদান দেওয়ার

এরপর ৩ পাতায়

## আর জি কর কাণ্ডের জেরে জুনিয়র ডাক্তারদের আন্দোলন তুলে নিয়ে পরিষেবা স্বাভাবিক করার আবেদন জানিয়েছেন রাজ্যের স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম



**বেবি চক্রবর্ত্তী : নিউজ সারাদিন :** আরজিকর হাসপাতালে তরুণী চিকিৎসকের অস্বাভাবিক মৃত্যুর জেরে রাজ্যজুড়ে সরকারি হাসপাতালে আন্দোলন চলছে। একের পর এক মেডিকেল কলেজ থেকে হাসপাতাল সর্বত্রই বিক্ষোভে সামিল হয়েছেন জুনিয়র ডাক্তাররা। তাদের এই বিক্ষোভের জেরে ব্যহত হচ্ছে রাজ্যের চিকিৎসা পরিষেবা। চরম দুর্ভোগে পড়েছেন সাধারণ মানুষ। এই বিষয়ে মঙ্গলবার সাংবাদিক বৈঠক করেন রাজ্যের স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম।

স্বাস্থ্য ভবনে স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম মাত্র ৫ মিনিট ৫৬ সেকেন্ডের সংক্ষিপ্ত সাংবাদিক বৈঠকে সরকারের তরফ থেকে যে বার্তা দেওয়া হয়েছিল সেটাই তিনি পড়ে শুনালেন। কিন্তু তিনি সাংবাদিকদের কোন প্রশ্নের

এরপর ৩ পাতায়

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

কবিতা সংকলন

দ্বীপ প্রসঙ্গ

সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার

সহ-সম্পাদক : নিবেদিতা শেঠ

Phone : 9163761670 /9564382031

কবিতা, গল্প ও অনুগল্প সংকলন

অনুগল্প ও গল্পের জন্য ফোনে কথা বলে নেবেন নিয়ম ও কারণ জানার জন্য।

মাননীয়া মুখ্যমন্ত্রী **মমতা বন্দ্যোপাধ্যায়ের** উদ্যোগে

শিশু কিশোর আকাদেমি

তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার

বিভাগীয় সাংস্কৃতিক প্রতিযোগিতা (প্রেসিডেন্সি বিভাগ)

আগামী ২৪ ও ২৫ আগস্ট '২৪ হাওড়া, উঃ ২৪ পরগনা, দঃ ২৪ পরগনা, নদিয়া এবং কলকাতার ছোটোদের জন্য সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

২৪ এবং ২৫ আগস্ট প্রেসিডেন্সি বিভাগের উল্লিখিত জেলাগুলির জন্য এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতার সময়সহ বিস্তারিত বিবরণ ও আবেদনপত্র সংগ্রহের জন্য দুপুর ১টা থেকে সন্ধে ৬টা পর্যন্ত (প্রতি ক্ষেত্রে শনি, রবি ও অন্য ছুটির দিন বাদে) কলকাতায় শিশু কিশোর আকাদেমির কার্যালয়ে নিম্নলিখিত ঠিকানায় আবেদনপত্র জমা দিতে হবে। আবেদনের শেষ তারিখ ২০ আগস্ট ২০২৪।

প্রতিযোগিতার বিষয়: 'ক' বিভাগ (৫ থেকে ১০+): রবীন্দ্রসংগীত, নজরুলগীতি, রাগপ্রধান গান, লোকগীতি, শাস্ত্রীয় নৃত্য, আবৃত্তি। 'খ' বিভাগ (১১ থেকে ১৬+): রবীন্দ্রসংগীত, নজরুলগীতি, রাগপ্রধান গান, লোকগীতি, শাস্ত্রীয় নৃত্য, আবৃত্তি, তাৎক্ষণিক বক্তৃতা। এই প্রতিযোগিতায় স্থানাধিকারীদের পুরস্কৃত করা হবে, প্রত্যেক অংশগ্রহণকারীকে শংসাপত্র দেওয়া হবে। এবং এই প্রতিযোগিতার ভিত্তিতেই আসন্ন 'পঞ্চদশ রাজ্য শিশু কিশোর উৎসব'-এ অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হবে।

বিঃ দ্রঃ- আসন্ন রাজ্য শিশু কিশোর উৎসবে দলগত অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য (গান, নাচ, আবৃত্তি, বৃন্দবাদন ইত্যাদি) এবং একক যন্ত্রবাদন, মূকাভিনয়, ম্যাজিক ইত্যাদি নানা বিষয়ের জন্য পেন ড্রাইভ/ডিভিডিসহ (অফেরতযোগ্য) সংশ্লিষ্ট দপ্তরে আবেদন করতে হবে। দলগত অনুষ্ঠানে দলের লেটারহেডেএবং অন্যান্য একক অনুষ্ঠানের জন্য সাদা কাগজে সংশ্লিষ্ট আধিকারিকের নামে চিঠি জমা দিতে হবে। প্রতিটি ক্ষেত্রে অবশ্যই পেন ড্রাইভ/ডিভিডি (অফেরতযোগ্য) দপ্তরে জমা দিতে হবে।

প্রতিযোগিতার স্থান: উত্তীর্ণ, আলিপুর। সময়: ২৪ আগস্ট সকাল ১০ টা থেকে 'ক' বিভাগ এবং ২৫ আগস্ট সকাল ১০টা থেকে 'খ' বিভাগ

শিশু কিশোর আকাদেমি। উত্তীর্ণ, দ্বিতীয় তল। ১এ, রিফর্মেটরি স্ট্রিট, আলিপুর, কলকাতা:২৭ফোন: ০৩৩ ২২২৩ ৬২১০ ই-মেল: skakademi@gmail.com

## আর জি কর হাসপাতালে মৃত মহিলা চিকিৎসকের তদন্তে একাধিক নতুন তথ্য মেলার পাশাপাশি

# প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ রায়কে ভর্ৎসনা করেছেন কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি



**বেবি চক্রবর্তী : নিউজ সারাদিন** : আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালে মহিলা চিকিৎসকের অস্বাভাবিক মৃত্যুর কারণ অনুসন্ধান করতে গিয়ে একাধিক নতুন তথ্য পাওয়া যাচ্ছে। শ্বাসরোধ করেই হাসপাতালের ওই মহিলা চিকিৎসককে খুন করা হয়েছিল। এছাড়াও চোখে যে ক্ষত পাওয়া গেছে তা স্বাভাবিক নয় বলেও রিপোর্টে উল্লেখ করা হয়েছে। এমনকি ওই মহিলা চিকিৎসকের গোপনাঙ্গে ক্ষত দেখা গেছে। তাতেই ধর্ষন করে খুনের ঘটনার অভিযোগেই সিলমোহর দিচ্ছে ময়নাতদন্তের প্রাথমিক রিপোর্ট।

এদিকে হাসপাতাল থেকে দেহ রীতিমতো হাইজ্যাক করে পুলিশ নিয়ে গেছে। মৃতের বাবা-মা অভিযোগ করেছিলেন মেয়ের মৃতদেহ তাদের দেখতে দেওয়া হয়নি। প্রথম থেকেই হাসপাতাল কর্তৃপক্ষ আত্মহত্যার তত্ত্ব খাঁড়া করতে চেয়েছিলেন। তার পরিবারকে সকালে ফোন করে জানানো হয়েছিল তাদের মেয়ে অসুস্থ। তারপরে তারা জানান তাদের মেয়ে আত্মহত্যা করেছে। সকালেই সেখানে পৌঁছে গিয়েছিলেন পুলিশ কমিশনার। তারপরেই যায় ফরেন্সিক টিম। এরপরই পরিস্থিতি জটিল হতে থাকে। বেলা বাড়ার সঙ্গে ধর্ষণের অভিযোগ স্পষ্ট হতে থাকে। এই ঘটনার পর পড়ুয়া ছাত্ররা জরুরী পরিষেবা ছাড়া আর কোন পরিষেবা দেবেন না বলে জানিয়ে কর্মবিরতি শুরু করেছেন।

ফরেন্সিক টিম পরীক্ষা করে ইঙ্গিত দিয়েছিল যে গলায় আঘাত পাওয়া গেছে। চোখেও ক্ষত ছিল। হাসপাতাল কর্তৃপক্ষ বিষয়টি ধামাচাপা দেওয়ার চেষ্টা করেছে। এদিকে ন্যাশনাল মেডিকেল কলেজ হাসপাতালে বিক্ষোভ চরম আকার নিয়েছে। আরজি করের প্রাক্তন অধ্যক্ষে নিজের কলেজে ঢুকতে দিতে নারাজ পড়ুয়ারা। বিক্ষোভকারীরা সকাল থেকেই প্রশাসনিক ভবনে তালা দিয়ে তার সামনে বিক্ষোভ দেখাতে শুরু করেছেন। সকাল থেকে অবস্থান বিক্ষোভ চালাচ্ছেন তারা। জাভেদ খান এবং স্বর্ণকমল সাহা হাসপাতালে পৌঁছলে তাদের গো ব্যাক স্লোগান দেন পড়ুয়ারা। বিক্ষোভকারীরা দাবি করেছেন, সন্দীপ ঘোষকে ঢুকতে দেওয়া যাবে না। রাজনীতির রং চিকিৎসা প্রতিষ্ঠানে লাগুক সেটা তারা চান না। রোগী কল্যাণ সমিতির চেয়ারম্যান বিধায়ক স্বর্ণ কমল সাহা এবং জাভেদ খান পৌঁছতেই শেখ পৌঁছতেই জুনিয়ার চিকিৎসক এবং পড়ুয়ারা স্লোগান দিতে শুরু করেন। তাদের অভিযোগ ন্যাশনাল মেডিকেল কলেজকে তারা আর জি কর হাসপাতালের হাতে দিতে চান না। এই কারণে তারা সন্দীপ রায়কে তারা অধ্যক্ষ পদে মানবেন না। আরজিকর হাসপাতাল থেকে সোমবার সন্দীপ রায় অধ্যক্ষ পদ থেকে ইস্তফা দিয়েছেন। তার কয়েক ঘণ্টার মধ্যেই মেডিকেল কলেজের অধ্যক্ষ পদে তাকে নিয়োগ করা হয়। জানা গেছে স্বাস্থ্য দপ্তর তার ইস্তফা পত্র গ্রহণ করেনি। আর জি কর হাসপাতালের অধ্যক্ষ পদে থাকার সময় তার বিরুদ্ধে একাধিক দুর্নীতির অভিযোগ উঠেছিল। এইজন্য চিকিৎসকের একাংশ তার উপরে ভীষণভাবে ক্ষুব্ধ। সন্দীপ রায়ের সঙ্গে কি স্বাস্থ্য দপ্তরের কোন প্রভাবশালীর যোগ রয়েছে সেই জল্পনা এখন শুরু হয়েছে। তার বিরুদ্ধে আরো অভিযোগ আরজি কর হাসপাতালে ঘটনার দিন পুরো বিষয়টিকে আত্মহত্যা বলে চালানোর চেষ্টা করেছিলেন সংশ্লিষ্ট অধ্যক্ষ। এমনকি নির্যাতিতার পরিবারের সঙ্গেও তিনি কথা বলেননি। তারপরেই তার পদত্যাগের দাবিতে সরব হয়েছিলেন বিক্ষোভকারীরা।

এই অবস্থায় এখন চাপ বাড়লো আর জি কর হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ রায়ের। কলকাতা হাইকোর্ট সন্দীপ রায়কে নতুন নিয়োগপত্র এবং তার গতকালের পদত্যাগ পত্র নিয়ে কোর্টে আসতে বলা হয়েছে। সঙ্গে আরজি করের কেস ডাইরি ও তলব করা হয়েছে। সন্দীপ রায় কে ন্যাশনাল মেডিকেল কলেজ হাসপাতালের অধ্যক্ষ পদে বসানোর পরেই সেখানে বিক্ষোভ শুরু করেছেন চিকিৎসকরা। এদিন হাইকোর্টের প্রধান বিচারপতি প্রশ্ন তুলেছেন কিভাবে নির্যাতিতার মা-বাবাকে তিন ঘন্টা বসিয়ে রাখা হলো? তিনি বলেছেন দুপুর তিনটে পর্যন্ত তাকে ছুটিতে যেতে বলা হয়েছে। সেটা না করলে করা সিদ্ধান্ত নেবে আদালত। সোমবার আর জি কর হাসপাতালের অধ্যক্ষ পদ থেকে ইস্তফা দেবার কয়েক ঘণ্টার মধ্যে তাকে মেডিকেল কলেজ হাসপাতালের অধ্যক্ষ পদে নিয়োগ করা হয়। তাহলে কি তার পদত্যাগ পুরোটাই পরিকল্পিত ছিল? সাজানো ঘটনা এই নিয়ে প্রশ্ন তুলেছেন তিনি।

এই ঘটনা নিয়ে প্রধান বিচারপতি সন্দীপ রায় কে ভর্ৎসনা করেছেন। তিনি বলেছেন কতটা প্রভাবশালী লোক তিনি, যিনি সকালে চাকরি ছাড়লেন আর বিকালে তাকে অন্য পদে বহাল করা হলো। কিসের পুরস্কার দেওয়া হলো তাকে। বিকাল তিনটের মধ্যে তাকে ছুটিতে চলে যাওয়া নির্দেশ দিয়েছেন বিচারপতি না হলে বড় সিদ্ধান্ত নেবে হাইকোর্ট।

## প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র সংস্কারে

# বরাদ্দ হল প্রায় ৩২ লক্ষ টাকা

**অভিজিৎ হাজরা, হাওড়া : নিউজ সারাদিন** : গ্রামীণ হাওড়া জেলার উলুবেড়িয়া মহকুমার আমতা ২ নং ব্লকের অন্তর্গত ভাটোরা গ্রাম হাওড়া জেলার ' দ্বীপাঞ্চল ' বলেই সর্বাধিক পরিচিত। এই গ্রামে বসবাসকারীর সংখ্যা প্রায় ৪০ হাজার। এই গৰামে একটি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র আছে। কিন্তু পরিষেবা ঠিকমতো পাওয়া যেত না। এই গ্রামের বাসিন্দাদের দীর্ঘদিনের ক্ষোভ ছিল স্বাস্থ্য ব্যবস্থা নিয়ে। বেহাল স্বাস্থ্য ব্যবস্থার কথা, এর ফলে তাদের সমস্যার কথা প্রশাসনিক দফতরে বারংবার গ্রামবাসীরা জানান। এলাকাবাসীদের স্বাস্থ্য ব্যবস্থার সমস্যা সমাধানে জন্য ভাটোরা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র সংস্কারের জন্য বরাদ্দ হয়েছে ৩১ লক্ষ ৮৫ হাজার টাকা। ভাটোরার প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের বেহাল অবস্থা এবং বতর্মানে স্বাস্থ্য কেন্দ্রের পরিকাঠামো উন্নয়ন প্রসঙ্গে আমতা বিধান সভা কেন্দ্রের বিধায়ক সুকান্ত পাল বলেন, " ২০২১ সালের পর ভাটোরা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের বহিঃ বিভাগ চালানোর জন্য ২ জন চিকিৎসক নিয়োগ করা হয়েছিল। এই স্বাস্থ্য কেন্দ্রে নিখরচায় রক্ত পরীক্ষা করার ব্যবস্থা আছে। বতর্মানে এই স্বাস্থ্য কেন্দ্রে ২৪ ঘন্টা চিকিৎসা পরিষেবা সহ ১০ শয্যা বিশিষ্ট অন্তঃ বিভাগ চালু করার পরিকল্পনা রয়েছে রাজ্য সরকারের।ভাটোরা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের জন্য সরকারের বরাদ্দ ৩১ লক্ষ ৮৫ হাজার টাকায় বর্তমান ভবনটি সংস্কার করা হবে "। এই স্বাস্থ্য কেন্দ্র প্রসঙ্গে এলাকার প্রবীণ মানুষেরা বলেন," রাজ্যে বাম সরকারের শাসনকালে স্বাস্থ্য কেন্দ্রটি তৈরি হয়েছিল। চিকিৎসা পরিষেবা ও স্বাস্থ্য কেন্দ্র পরিকাঠামো ঠিক ছিল না। স্বাস্থ্য কেন্দ্রটি বেহাল পরিস্থিতিতে ছিল।আমরা

এরপর ৩ পাতায়







## মানবতার পক্ষ থেকে ফারুক আহমেদকে

# 'মানবতা সম্মাননা ২০২৪' প্রদান করা হবে



**বিশেষ প্রতিবেদন: নিউজ সারাদিন** : 'উদার আকাশ' পত্রিকার মাধ্যমে সমাজের বিশেষ ভূমিকার জন্য 'মানবতা সম্মাননা ২০২৪' এ সম্মানিত হতে চলেছেন সাহিত্য গবেষক ফারুক আহমেদ। উপেক্ষিত অনগ্রসর জাতিসত্তার মর্যাদার অন্বেষক গবেষক ফারুক আহমেদ:

উপেক্ষিত, অনগ্রসর শ্রেণির অভাব-অভিযোগ আদায়ে, তাদের প্রাপ্য অধিকার পাইয়ে দিতে, সমাজের কল্যাণে জাতিসত্তার মর্যাদার অন্বেষক হিসেবে কাজ করছেন 'উদার আকাশ' পত্রিকা ও 'উদার আকাশ' প্রকাশনা সংস্থার কর্ণধার তথা কল্যাণী বিশ্ববিদ্যালয়ের গবেষক ফারুক আহমেদ। অসংখ্য উজ্জ্বল নক্ষত্রের মধ্যে উজ্জ্বল এক জ্যোতিষ্ক ফারুক আহমেদ। একবিংশ শতাব্দীর শুরু থেকেই এই বঙ্গের নয়া চিন্তার অন্যতম প্রতিনিধি তিনি। সমাজমনস্কতার ক্ষেত্রে পরিচিত হয়ে উঠেছেন দুরন্ত গতিতে। নতুন সমাজ ভাবনার মূল্যবোধকে যাঁরা সাহিত্যের পাতায় পাতায় সাজিয়ে দিয়ে সৃষ্টি করেন এক বিরল ভাবনার, ফারুক আহমেদ তাঁদের অন্যতম। সাহিত্য সচেতন মানুষের কাছে 'উদার আকাশ' ইতিমধ্যেই দাগ কেটেছে। মানুষের জন্য বাঁচার আকাশ দেখাই সাহিত্যিক ফারুক আহমেদ-এর স্বপ্ন।

দক্ষিণ ২৪ পরগনা জেলার নাটাপুকুর গ্রামে ১৯৮৩ সালের ৭ মার্চ ফারুক আহমেদ জন্মগ্রহণ করেন। নাটাপুকুর গ্রামের প্রাথমিক বিদ্যালয়ে পড়াশোনার হাতে খড়ি। এরপর ঘটকপুকুর উচ্চ বিদ্যালয় থেকে মাধ্যমিক পাশ করে ভাঙড় উচ্চ বিদ্যালয় থেকে প্রথম শ্রেণিতে উচ্চমাধ্যমিক (বিজ্ঞান শাখায়) পাশ করেন। কলকাতা বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত সুরেন্দ্রনাথ দিবা কলেজ থেকে স্নাতক হন। এম. এস. বিশ্ববিদ্যালয় থেকে ব্যাচেলর অব লাইব্রেরি সায়েন্সও উত্তীর্ণ হন প্রথম বিভাগে। এরপর কল্যাণী বিশ্ববিদ্যালয় থেকে ইতিহাসে মাস্টার্স করেন। তারপর ইন্দিরা গান্ধী ন্যাশনাল ওপেন ইউনিভার্সিটি থেকে ইংরেজি সাহিত্যে মাস্টার্স ডিগ্রি অর্জন করেন। কল্যাণী বিশ্ববিদ্যালয়ের দূরশিক্ষা বিভাগে অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর (প্রকাশনা ও পরীক্ষাসমূহের) পদে কর্মরত থাকার সময়ে ২০১৬ সালে কল্যাণী বিশ্ববিদ্যালয়ে ফারুক আহমেদ ইতিহাস বিভাগে পিএইচ ডি ডিগ্রির কাজ শুরু করেন। ইতিহাস বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক অলককুমার ঘোষকে গাইড হিসাবে পান ফারুক আহমেদ। তাঁর গবেষণার বিষয়, স্বাধীনতার পরবর্তী সময়ে মুসলিম পরিচালিত মিশন স্কুলের অবদান'। কল্যাণী বিশ্ববিদ্যালয়ের বেশ কয়েকজন অধ্যাপক ফারুক আহমেদকে স্নেহ করেন এবং তাঁর কাজে উৎসাহ দেন। তাঁদের মধ্যে বিশেষ করে উল্লেখ করতে হয় কল্যাণী বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য অধ্যাপক (ড.) গৌতম পাল-এর কথা। উপাচার্য অধ্যাপক (ড.) মানস কুমার সান্যাল ফারুক আহমেদকে তাঁর গবেষণা ও প্রকাশনার কাজের প্রশংসা করেন। গ্রামের অতি সাধারণ পরিবার থেকে উঠে এসেছেন ফারুক আহমেদ। বংশের মধ্যে তিনিই প্রথম পিএইচ ডি গবেষক হিসেবে কাজ করার সুযোগ পেয়েছেন স্বনামধন্য কল্যাণী বিশ্ববিদ্যালয়ে। ইতিপূর্বে তাঁদের বংশের কেউ পিএইচ ডিতে ভর্তি হওয়ার সুযোগ পাননি। ফারুক আহমেদের সুযোগ্য সহধর্মিণী মৌসুমী বিশ্বাসও এডুকেশন বিভাগে পিএইচ ডি গবেষক হিসেবে কাজ করছেন।

ফারুক আহমেদ বর্তমানে কল্যাণী বিশ্ববিদ্যালয়ে নিউজ লেটার ইনচার্জ ও রসায়ন বিভাগের অফিস কোঅর্ডিনেটর পদে কর্মরত আছেন। ফারুক আহমেদ ভাব ও ভাষা সমৃদ্ধ ষান্মাসিক সৃজন সাহিত্যের পিয়ার রিভিউড দ্বিভাষিক রিসার্চ জার্নাল 'উদার আকাশ' দুই দশকের বেশি সময় ধরে সম্পাদনা করছেন। কলেজে পড়ার সময় টিফিনের পয়সা বাঁচিয়ে, বন্ধু-বান্ধবীদের সহযোগিতায় প্রথম 'উদার আকাশ' (২০০২ সালে) প্রকাশ করেন। স্কুল জীবনে পড়ার সময় প্রথম সাংবাদিকতায় হাতে খড়ি। ওই সময় কৃষিকাজ ও সংবাদপত্র বিক্রি করে কর্মজীবন শুরু করেন। 'উদার আকাশ' প্রকাশনা সংস্থা থেকে ইতিমধ্যে ১২১টির বেশি গ্রন্থ প্রকাশিত হয়েছে। উভয় বাংলার গবেষক ও পাঠক দরবারে সমাদৃত হয়েছে 'উদার আকাশ' প্রকাশনা সংস্থা থেকে প্রকাশিত বেশ কিছু সাড়া জাগানো গ্রন্থ। ফারুক আহমেদের রচিত উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ 'বিশ্বপ্রেম'। ফারুক আহমেদ-এর সম্পাদনায় প্রবন্ধ সংকলন 'প্রতিশ্রুতি ও উন্নয়ন', 'ফুরফুরা শরিফের পয়গাম', 'কংগ্রেস ও বামশাসনে মুসলিম ভোট ব্যাঙ্ক', 'পশ্চিমে সূর্যোদয় রাজনৈতিক ক্ষমতায়নের উলটপুরাণ', 'বিস্তীর্ণ আকাশ জুড়ে কাজী নজরুল ইসলাম' এবং 'বাঙালির অস্তিত্ব রক্ষার সংগ্রাম'। ইংরেজিতে লেখা কল্যাণী বিশ্ববিদ্যালয়ের উপর একটি গবেষণা গ্রন্থও সম্পাদনা করেছেন ফারুক আহমেদ। ইতিমধ্যেই ফারুক আহমেদ সম্পাদিত 'উদার আকাশ' পত্রিকার বিশেষ সংখ্যা 'সংখ্যালঘু ও মুখ্যমন্ত্রী', 'মর্যাদার সন্ধানে', 'আত্মপরিচয়ের অন্বেষণ', 'আত্মবিকাশের দর্পণ', 'রাজনৈতিক ক্ষমতায়নে অনগ্রসর ও সংখ্যালঘু', 'মূল্যবোধের অবক্ষয়', 'ভূমিপুত্রদের জাগরণ' এবং 'কুৎসার জবাব উন্নয়ন'। রাজ্য রাজনীতিতে পালা-বদলের সন্ধিক্ষণে এই প্রয়াস বঙ্গবাসীকে সচেতন করেছে। আগামীতেও মানুষের মর্যাদার সন্ধানে 'উদার আকাশ'-এর প্রয়াস অটুট রাখতে তিনি দৃঢ়সংকল্প।

ফারুক আহমেদ একাধারে কবি, সাহিত্যিক, প্রাবন্ধিক এবং সমাজ সচেতন নাগরিক। সহজেই তিনি মানুষের মধ্যে মিশে যেতে পারেন। তাঁর এই বিরল প্রতিভা এবং মূল্যবোধের সংমিশ্রণ আমাদের সমাজকে সমৃদ্ধ করবে সে বিষয়ে কোনও সন্দেহ নেই। 'উদার আকাশ' কেবল পত্রিকা নয়, আত্মমর্যাদার অভিজ্ঞান, 'উদার আকাশ' কেবল স্লোগান নয়, সুস্থ সমাজ গড়ার অঙ্গীকার। 'উদার আকাশ' দিচ্ছে ডাক, ঘরে ঘরে সাহিত্যের আলো পৌঁছে যাক।

মানবতার পক্ষ থেকে ফারুক আহমেদকে 'মানবতা সম্মাননা ২০২৪' প্রদান করা হবে।

১-ম পাতার পর

### আর জি কর কাণ্ডের জেরে জুনিয়র ডাক্তারদের আন্দোলন তুলে নিয়ে পরিষেবা স্বাভাবিক করার আবেদন জানিয়েছেন রাজ্যের স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম

উত্তর না দিয়ে এড়িয়ে যান। রাজ্যের বেশিরভাগ হাসপাতালে আউটডোরে পরিষেবা পাওয়া যাচ্ছে না। জরুরী বিভাগ থেকে চিকিৎসার জন্য পাঠানো হলে তবেই চিকিৎসা চলছে এইরকম অভিযোগ সর্বত্রই পাওয়া যাচ্ছে। হাসপাতালে ভর্তি থাকা রোগীরাও চিকিৎসা পরিষেবা না পাওয়ার ব্যাপারে অভিযোগ করছেন। রাজ্যের তরফে তিনি পরিষেবা স্বাভাবিক করার জন্য আবেদন জানিয়েছেন। রাজ্যের মধ্যবিত্ত প্রান্তিক অঞ্চলের মানুষজন সরকারি হাসপাতালে চিকিৎসা পরিষেবার উপর নির্ভর করেন। দার্জিলিং থেকে ডায়মন্ড হারবার, হাওড়া থেকে মালদাহ সব জায়গাতেই সরকারি হাসপাতালের ওপর রোগীর চাপ থাকে। আউটডোরে লক্ষাধিক মানুষের ভিড় হয়। দূর দূরান্ত থেকে সরকারি হাসপাতালে মানুষজন রোগীদের নিয়ে আসেন চিকিৎসার জন্য। জুনিয়র ডাক্তারদের আন্দোলনের ফলে সর্বত্র ব্যাহত হচ্ছে চিকিৎসা পরিষেবা। বহু হাসপাতালে অস্ত্রোপচার, চিকিৎসা এবং প্রসূতি বিভাগে চিকিৎসা পরিষেবা পাওয়া যাচ্ছে না তাই চরম দুর্ভোগে পড়েছেন বহু রোগী। এমনকি মালদা এবং মুর্শিদাবাদ জেলা হাসপাতালে চিকিৎসার না পেয়ে দুই ব্যক্তি মারা গেছেন বলে অভিযোগ। এই সব কিছুকেই গুরুত্ব দিয়ে রাজ্যের স্বাস্থ্য সচিব এই সাংবাদিক বৈঠকে জুনিয়র চিকিৎসকদের পুনরায় কাজে যোগ দেবার জন্য আবেদন করেছেন।

১-ম পাতার পর

# আরজি কর-কাণ্ডে সিবিআই তদন্তেরই নির্দেশ দিল কলকাতা হাই কোর্ট

সিসিটিভি থাকে, তা নিশ্চিত করা হোক।আরজি কর-কাণ্ডে পুলিশের ভূমিকায় অসন্তোষ প্রকাশ করেন প্রধান বিচারপতি। মঙ্গলবার একসঙ্গে আরজি কর-কাণ্ডে দায়ের হওয়া পাঁচটি জনস্বার্থ মামলার শুনানি হয়। সেখানেই একাধিক বিষয় নিয়ে প্রশ্ন ওঠে। রাজ্যের কাছে কেস ডায়েরি তলব করা হয়েছিল মঙ্গলবারের শুনানিতে। দুপুর ১টার মধ্যে সেই কেস ডায়েরি আদালতে জমা দিয়েছিল রাজ্য সরকার। সেই রিপোর্টকে সামনে রেখে পুলিশের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলেছিলেন প্রধান বিচারপতি।মঙ্গলবারের শুনানিতেই মৃতার পরিবারের আইনজীবী বিকাশরঞ্জন ভট্টাচার্য জানিয়েছিলেন, প্রথমে পরিবারের কাছে কেউ এক জন ফোন করে বলেন, আপনাদের মেয়ে অসুস্থ। তার পরে আবার ফোন করে বলা হয়, আপনাদের মেয়ে আত্মহত্যা করেছেন। সেই প্রসঙ্গে আদালতে রাজ্য সরকার জানায়, পরিবারের দাবি সঠিক। দু'বার ফোন গিয়েছিল মৃতার পরিবারের কাছে। হাসপাতালের সহকারী সুপারই মৃতার পরিবারকে ফোন করেছিলেন বলে আদালতে জানায় রাজ্য। তবে ফোনে কী বলা হয়েছিল, তা নিয়ে আদালতে কিছু বলেনি রাজ্য।আরজি করের ঘটনায় প্রথমে অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে যে তদন্ত শুরু করা হয়েছিল, তা নিয়ে মঙ্গলবার আদালতে প্রশ্ন ওঠে। সে সম্পর্কে রাজ্যের আইনজীবী আদালতে বলেন, ''এই ধরনের কোনও গুরুত্বপূর্ণ ঘটনায় অস্বাভাবিক মৃত্যুর মামলা দায়ের হয়। প্রথমে এসে কেউ অভিযোগ করেননি। তাই অস্বাভাবিক মৃত্যু বলা হয়েছিল।'' রাজ্যের যুক্তি শুনে প্রধান বিচারপতি মন্তব্য করেন, "এটা আশা করা যায় না। মৃতদেহ কি রাস্তার ধার থেকে উদ্ধার হয়েছে? কেন অস্বাভাবিক মৃত্যু বলা হল? হাসপাতালের সুপার ও অধ্যক্ষ রয়েছেন। আপনারা প্রিন্সিপালকে পুরস্কৃত করলেন। কেন স্বতঃপ্রণোদিত মামলা করা হল না? যথেষ্ট হয়েছে। এই যুক্তি দেখাবেন না।''তার পরই প্রধান বিচারপতি আরজি কর মামলায় সিবিআই তদন্তের নির্দেশ দেন। রাজ্যের আইনজীবীকে আদালতের মধ্যেই মামলার নথি সিবিআইয়ের হাতে তুলে দিতে বলেন প্রধান বিচারপতি। আগামী তিন সপ্তাহ পরে এই মামলার পরবর্তী শুনানির কথা বলা হয়েছে। প্রধান বিচারপতির নির্দেশ, পরবর্তী শুনানিতেই সিবিআইকে তদন্তের অগ্রগতির রিপোর্ট জমা দিতে হবে।সোমবার সকালে মৃতা চিকিৎসকের বাড়িতে যান মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। কথা বলেন পরিবারের সঙ্গে। তাঁর সঙ্গে ছিলেন পুলিশ কমিশনার বিনীত গোয়েলও। পরিবারের সঙ্গে দেখা করে বেরিয়েও মুখ্যমন্ত্রী জানিয়ে দেন পুলিশি তদন্তের সময়সীমার কথা। জানিয়ে দেন, রবিবারের মধ্যে তদন্তের কিনারা না হলে, এই ঘটনার তদন্তভার সিবিআইকে দিয়ে দেওয়া হবে। মঙ্গলবারের শুনানিতে সেই প্রসঙ্গ টেনে এনেছিলেন বিকাশ। তিনি বলেন বলেন, "কেন সিবিআইকে দেওয়ার জন্য আরও সময় দেওয়া হবে?'' অবিলম্বে সিবিআই তদন্তের নির্দেশ দেওয়ার আর্জিও জানানো হয়েছিল মামলাকারীদের পক্ষ থেকে। সেই আবেদন মেনেই সিবিআই তদন্তের নির্দেশ দিলেন প্রধান বিচারপতি। উল্লেখ্য, গত শুক্রবার আরজি কর মেডিক্যাল কলেজের জরুরি বিভাগের চার তলায় রক্তাক্ত অবস্থায় উদ্ধার হয় মহিলা চিকিৎসকের দেহ। ঘটনাকে কেন্দ্র করে শোরগোল পড়ে গিয়েছে রাজ্যে। খুন এবং ধর্ষণের অভিযোগ তুলে আন্দোলনে শামিল হন আরজি করের জুনিয়র চিকিৎসকেরা। পরে সেই আন্দোলনে যোগ দেন অন্য চিকিৎসকেরা। তবে সেই আন্দোলন শুধু আরজি করের মধ্যে সীমাবদ্ধ থাকেনি। এই ঘটনায় দোষীদের কঠোর শাস্তির দাবিতে আন্দোলন ছড়িয়ে পড়ে রাজ্যের বিভিন্ন হাসপাতালে। এমনকি, দেশের বিভিন্ন হাসপাতালের চিকিৎসকেরাও বিক্ষোভ কর্মসূচি পালন করেন।আরজি কর মেডিক্যাল কলেজের চিকিৎসক খুনের ঘটনায় ইতিমধ্যেই বেশ কিছু তথ্য প্রকাশ্যে এসেছে। সেই সব তথ্য থেকে স্পষ্ট, যুবতীকে নৃশংস ভাবে অত্যাচার করে খুন করা হয়েছে। পুলিশ ইতিমধ্যেই এই ঘটনায় এক জন সিভিক ভলান্টিয়ারকে গ্রেফতার করেছে। ঘটনায় আর কেউ জড়িত রয়েছে কি না, তার প্রমাণ মেলেনি। শনিবার অভিযুক্তকে শিয়ালদহ আদালতে হাজির করানো হলে বিচারক ১৪ দিনের পুলিশি হেফাজতের নির্দেশ দিয়েছেন।অন্য দিকে, আরজি কর-কাণ্ড নিয়ে হাই কোর্টে বেশ কয়েকটি জনস্বার্থ মামলা দায়ের হয়। মঙ্গলবার সেই মামলারই শুনানি ছিল প্রধান বিচারপতির এজলাসে।

১-ম পাতার পর

# এক জওয়ানকে থানায় তুলে এনে তাঁকে নগ্ন করে ব্যাপক মারধরের অভিযোগ উঠল পুলিশের বিরুদ্ধে

আমার পুলিশের উপর বিশ্বাস রয়েছে। কিন্তু এই ধরনের পুলিশ সমাজের জন্য বিপদের। আমি পুলিশের উপর আমার বিশ্বাস রয়েছে, তাঁরা এই ঘটনায় অভিযুক্তদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেবেন। আমি নিজে দেখেছি কীভাবে মারা হয়েছে ওই জওয়ানকে। আমি নিজে ডিজি ও পুলিশ কমিশনারের সঙ্গে কথা বলেছি। তাঁরা আশ্বাস দিয়েছেন এই ঘটনায় কড়া পদক্ষেপ নেওয়া হবে।এই ঘটনায় এক সাব-ইন্সপেক্টর সহ ৪ পুলিশকর্মীকে সাসপেন্ড করা হয়েছে। শুরু হয়েছে তদন্ত। জানা যাচ্ছে, পুলিশের দ্বারা নির্যাতিত ওই সেনা জওয়ানের নাম অরবিন্দ সিং ও তাঁর বন্ধু রাজবীর শেখাওয়াত। গত ১১ আগস্ট অরবিন্দ বন্ধুর সঙ্গে এক পার্টিতে যোগ দিয়েছিলেন। এক ওয়াইন ক্লাবে পুলিশ রেইড চলাকালীন তাঁকে আটক করা হয় এবং থানায় তুলে আনা হয়। এর পর কেন তাঁকে আটক করা হয়েছে জানতে চেয়ে পুলিশ আধিকারিকের সঙ্গে কথা বলতে চাইলে তাঁর সঙ্গে অত্যন্ত অভদ্র আচরণ করা করা হয়। এবং আলাদা ঘরে নিয়ে গিয়ে নগ্ন করে ব্যাপক মারধর করা হয়। গোটা ঘটনার কথা কোনওভাবে কানে যায় রাজ্যের মন্ত্রী রাজ্যবর্ধন সিং রাঠোরের। এর পর সোমবার অনুগামীদের সঙ্গে নিয়ে থানায় উপস্থিত হন মন্ত্রী। ভিডিওতে দেখা যাচ্ছে, সেখানে কড়া ভাষায় পুলিশকে তিনি প্রশ্ন করছেন, 'একজন সার্ভিস সেনা জওয়ানকে আপনি লাঠি পেটা করেছেন। এত সাহস আপনাদের হয় কী করে? একজন সেনার সঙ্গে এমন আচরণ করলে সাধারণ মানুষের সঙ্গে কেমন ব্যবহার করেন আপনারা।'

১-ম পাতার পর

# আবার মমতার মাষ্টার স্ট্রোক?

ব্যাপক রাজনৈতিক প্রভাব ও তৃণমূল কংগ্রেসের প্রতি জনসমর্থনের কথা জানিয়েছে। রাজ্যের রাজনৈতিক পর্যবেক্ষকরা মনে করছেন যে, ২৬-এর বিধানসভা নির্বাচনে রাজ্যে দুর্নীতি,আইন-শৃংখলার অবনতি,প্রতিষ্ঠান বিরোধী ঝোঁককে প্রতিহত করতে মমতা বন্দ্যোপাধ্যায় যে ভাবে পরিকল্পনা নিয়ে মাষ্টার স্ট্রোক দেওয়ার রাস্তায় হাঁটছেন তা স্বাভাবিক ভাবে উদ্বেগে গেরুয়া শিবিরের নেতারা। ২৬-এ মমতা বন্দ্যোপাধ্যায়, অভিষেক বন্দ্যোপাধ্যায়দের টার্গেট ২৫০-২৭০ আসন দখল করা। দলের মধ্যে স্বচ্ছতা এবং স্বচ্ছ লোকদের গুরুত্ব দেওয়ার জন্য তৃণমূল নেত্রী বিভিন্ন সভা থেকেই সরাসরি বলছেন বিত্তবান লোক নয় বিবেকবান লোক চাই!আবার অন্যদিকে দলের ভাবমূর্তি ও গ্রহণযোগ্য তাকে আরও বাড়িয়ে তোলার জন্য দলের সর্বভারতীয় সভাপতি অভিষেক বন্দ্যোপাধ্যায় সম্প্রতিক 'এক ডাকে অভিষেক'- র হোয়াটসঅ্যাপ নাম্বার চালু করেছেন দলের নামে টাকা,সরকারি কাজে বাধা দেওয়া বা দলের ভয় দেখিয়ে কোন নেতা-কর্মী কোন অনৈতিক কাজে যুক্ত থাকলে,নির্দিষ্ট ব্যক্তির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে দলের তরফ থেকে!সার্বিক ভাবে মুসলিম-হিন্দু-দলিত-উপজাতিদের কাছে টানার কৌশল নিয়ে হাঁটছেন মমতা-অভিষেক। গেরুয়া শিবিরের নেতা-নেত্রীরা তাই বেজায় চিন্তায় পড়েছেন।

২ পাতার পর

# প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র সংস্কারে বরাদ্দ হল প্রায় ৩২ লক্ষ টাকা

চিকিৎসা পরিষেবা ও পরিকাঠামোর উন্নয়নের জন্য বাম সরকারের শাসনকাল থেকেই আবেদন করে আসছিলাম। কিন্তু সুরাহা কিছুই হয়েছিল না। অসুস্থ রোগীদের কখনও দোলায় চাপিয়ে বা নদী পার হয়ে জয়পুর বি বি ধর গ্রামীণ হাসপাতাল,বাগনান হাসপাতাল, আমতা হাসপাতাল, উলুবেড়িয়া হাসপাতালে নিয়ে যেতে হয়। তৃণমূল কংগ্রেসের শাসনকালে এলাকার যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের জন্য পাকা সেতু নির্মাণ হয়েছে''। এবার ভাটোরা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের পরিকাঠামোর উন্নয়নের জন্য রাজ্য সরকারের ৩১ লক্ষ ৮৫ হাজার টাকা বরাদ্দ হওয়ায় এলাকাবাসীরা খুশি।

# পুরী নীলাচল এক্সপ্রেস দুর্ঘটনা নিয়ে দক্ষিণ পূর্বাঞ্চল রেলওয়ের নিরাপত্তা কমিশনারের তদন্ত রিপোর্টে প্রকাশিত তথ্য

**নয়াদিল্লি, ১৩ অগাস্ট, ২০২৪: নিউজ সারাদিন :** পেন্টোগ্রাফের ত্রুটিজনিত কারণেই ১২৮৭৬ এএনভিটি - পুরী নীলাচল এক্সপ্রেসের দুর্ঘটনা ঘটে। রাঁচি ডিভিশনের সুইসা স্টেশনে ১ জুন, ২০২৪- এ পুরী নীলাচল এক্সপ্রেস দুর্ঘটনা নিয়ে দক্ষিণ পূর্বাঞ্চল সার্কেলের রেলওয়ে নিরাপত্তা কমিশনার শ্রী ব্রিজেশ কুমার মিশ্র-র বিবিধবদ্ধ তদন্ত রিপোর্টে একথা জানানো হয়েছে। তদন্ত রিপোর্টে প্রকাশিত তথ্য সরকার খতিয়ে দেখছে। একটি প্রেস বিজ্ঞপ্তিতে আজ একথা জানানো হয়েছে।

## অসম বিজেপিতে আদি-নব্য লড়াই

**এনএনএস: নিউজ সারাদিন :** বিজেপির পশ্চিমবঙ্গ শাখায় যেমন আদি ও নব্য গোষ্ঠীর তুলকালাম সংঘাতে পার্টি ক্ষতিগ্রস্থ হচ্ছে, তেমনি পশ্চিমবঙ্গের অনুসরণে এবার অসম বিজেপিতেও আদি-নব্য জোট সংঘাতের খবর আসছে। উত্তর-পূর্বে বিজেপি-আরএসএস তথা গেরুয়া শিবিরের হিন্দুত্বের মুখ হয়ে উঠেছেন আসু-কংগ্রেস থেকে আশা অসমের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা। হিমন্ত বিশ্ব শর্মার সঙ্গে কেন্দ্রীয় মন্ত্রী তথা উজান অসমের হিন্দুত্বের মুখ সর্বানন্দ সোনোয়ালের মানসিক দূরত্ব সংঘাত বাস্তব ঘটনা। হিমন্ত বিশ্ব শর্মা মুখ্যমন্ত্রী হওয়ার পর বিজেপিতে আদি গোষ্ঠীর কোণোঠাসা হয়ে পড়ায় সূচনা। অসম প্রশাসনের মত বিজেপির দলীয় নিয়ন্ত্রণও তাঁর হাতে চলে আসে। এতে জনসংঘ-আরএসএস জামানার প্রবীণ নেতা-কর্মীরা কোণঠাসা হয়ে পড়েছেন। অসম বিজেপিতে ত্রিপুরা, পশ্চিমবঙ্গের মতই কংগ্রেস থেকে আশা নেতা-জনপ্রতিনিধিরাই গেরুয়া শিবিরের নিয়ন্ত্রণ কর্তা। এর ফলে দলের অভ্যন্তরে বিদ্রোহ পরিস্থিতি তৈরি না হলে যে অসন্তোষ দানা বাঁধছে তা নিয়ে একমত রাজনৈতিক মহল। আসলে ২৬-শের বিধানসভা নির্বাচন নিয়ে অসম বিজেপিতে এখন থেকেই ওয়ার্ম আপ শুরু হয়ে গেছে। নওগাঁ-র প্রাক্তন বিজেপি সাংসদ, দলের পুরোন মুখ রাজেন গোহাই বিক্ষুব্ধ বিজেপির নেতা-কর্মীদের সঙ্গে বৈঠক করায় অসম বিজেপিতে যথেষ্ট চাঞ্চল্য তৈরি হয়েছে। তবে প্রদেশ বিজেপির ক্ষমতাসীন হিমন্ত বিশ্ব শর্মার সমর্থক গোষ্ঠী এই বৈঠককে পাত্তা দিতে রাজি হননি। অসম প্রদেশ বিজেপির রাজ্য কর্ম সমিতির এক সর্বানন্দ সোনোয়ালপন্থী নেতা পদত্যাগ করেছেন। তাকেও গুরুত্ব দিতে রাজি নন হিমন্ত বিশ্ব শর্মার সমর্থকরা। আসলে ২৬-এ অসম বিধানসভার নির্বাচন। এই

এরপর ৪ পাতায়

# হরিয়ানায় আসন্ন বিধানসভা নির্বাচন প্রস্তুতি পর্যালোচনা নির্বাচন কমিশনের

**নয়াদিল্লি, ১৩ অগাস্ট, ২০২৪: নিউজ সারাদিন :** হরিয়ানায় আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখল নির্বাচন কমিশন। দুই নির্বাচন কমিশনার শ্রী জ্ঞানেশ কুমার এবং ড: এস এস সান্ধুকে নিয়ে মুখ্য নির্বাচন কমিশনার শ্রী রাজীব কুমার চণ্ডিগড়ে দুদিনের বৈঠকে নির্বাচন প্রস্তুতি পর্যালোচনা করেন। ৯০ আসন বিশিষ্ট হরিয়ানা বিধানসভার মেয়াদ শেষ হচ্ছে ২০২৪-এর ৩ নভেম্বর। দুদিনের বৈঠকে নির্বাচন কমিশন জাতীয় ও আঞ্চলিক রাজনৈতিক দলগুলির সঙ্গে বৈঠক করেছেন। আম আদমী পার্টি, বিজেপি, সিপিআইএম, ভারতীয় জাতীয় কংগ্রেস, ভারতীয় জাতীয় লোক দল এবং জননায়ক জনতা পার্টি কমিশনের ডাকা বৈঠকে যোগ দেয়। অবাধ ও সুষ্ঠু নির্বাচন সহ রাজনৈতিক দলগুলি কমিশনের সামনে ৯ দফা দাবি পেশ করে। অন্য দাবিগুলির মধ্যে ছিল, স্পর্শকাতর ভোটগ্রহণ কেন্দ্রগুলিতে পর্যাপ্ত কেন্দ্রীয় বাহিনী মোতায়েন, মৃত এবং অন্যত্র চলে যাওয়া ভোটারদের নাম বাদ দিয়ে ভোটার তালিকার সংশোধন, ভোটগ্রহণ কেন্দ্রগুলির দূরত্ব কমিয়ে আনার পাশাপাশি প্রবীণ এবং মহিলা ভোটারদের জন্য সুবিধাজনক ব্যবস্থা করা। কোনওরকম অভিযোগ থাকলে যাতে তা নির্বাচনী পর্যবেক্ষকদের সত্বর জানানো যায় তার প্রয়োজনীয় ব্যবস্থা করারও দাবি জানান তাঁরা। নির্বাচন কমিশন রাজনৈতিক দলগুলিকে জানিয়েছে, সুষ্ঠু-অবাধ নির্বাচন করানোয় কমিশন প্রতিশ্রুতিবদ্ধ। ভোটার তালিকা সংশোধন যাতে দ্রুত সম্পন্ন করা সম্ভব হয় সেজন্য রাজনৈতিক দলগুলির কাছেও সাহায্যের আবেদন জানিয়েছেন তাঁরা। হরিয়ানা রাজ্য বিধানসভা নির্বাচন এই প্রথমবার ৮৫ বছরের বেশি প্রবীণ নাগরিক এবং বিশেষভাবে সক্ষমদের জন্য বাড়িতে বসে ভোট দেওয়ার সংস্থান রাখা হয়েছে। তবে তা ব্যক্তির পছন্দের ওপরে নির্ভরশীল, কেউ যদি ভোটগ্রহণ কেন্দ্রে গিয়ে ভোট দিতে চান তাহলে তাকে প্রয়োজনীয় সাহায্য দিতে বলা হয়েছে। রাজনৈতিক দলগুলির সঙ্গে বৈঠকের পাশাপাশি সার্বিক আইন-শৃঙ্খলার বিষয়ে পর্যালোচনা করতে নির্বাচন কমিশন, জেলা নির্বাচনী আধিকারিক, পুলিশ সুপার, মহকুমা কমিশনার, আইজিদের সঙ্গেও বৈঠক করেছেন। ইভিএম ব্যবস্থাপনা, ভোটকর্মীদের প্রশিক্ষণ, ভোটগ্রহণকেন্দ্র ও পরিকাঠামো সংক্রান্ত বিষয় এবং ভোটার সচেতনতার বিষয়েও আলোচনা হয়েছে। রাজ্যের চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হওয়ার কথা ২৭ অগাস্ট, ২০২৪। প্রকাশিত হওয়ার পর সমস্ত রাজনৈতিক দলগুলির কাছে তা পৌঁছে দিতে হবে। নির্বাচন কমিশন এর পাশাপাশি মুখ্য সচিব এবং রাজ্য পুলিশের মহা নির্দেশকের সঙ্গে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়েও বৈঠক করেছেন। হরিয়ানায় মোট ভোটার সংখ্যা ২ কোটি ১ হাজার। এরমধ্যে ১ কোটি ৬ হাজার পুরুষ, ৯৫ লক্ষ মহিলা, প্রথমবার ভোটদাতার সংখ্যা ৪ লক্ষ ৫২ হাজার, ৮৫ উর্ধ এবং প্রবীণ ভোটারদের সংখ্যা ২ লক্ষ ৫৫ হাজার। অন্যভাবে সক্ষম ভোটার রয়েছেন ১ লক্ষ ৫০ হাজার। হরিয়ানায় ১০০-এর বেশি বয়স্ক ভোটার রয়েছেন ১০ হাজারেরও বেশি। মুখ্য নির্বাচনী আধিকারিক নির্বাচন কমিশনকে জানিয়েছে, ২০,৬২৯টি ভোটগ্রহণ কেন্দ্রে ভোট নেওয়া হবে। ২০১৯-এর তুলনায় এই সংখ্যা ৮১৭টি বৃদ্ধি পেয়েছে। ভোটগ্রহণ কেন্দ্রগুলির মধ্যে ১৩,৪৯৭ টি গ্রামীণ এলাকায় এবং ৭,১৩২টি শহরাঞ্চলে রয়েছে। মুখ্য নির্বাচনী আধিকারিক নির্বাচন কমিশনকে আরও জানান, ১০০ শতাংশ ভোটগ্রহণ কেন্দ্রেই ওয়েব কাস্টিং-এর ব্যবস্থা করা হবে। প্রত্যেকটি ভোটগ্রহণ কেন্দ্রেই ভোটদাতাদের জন্য পানীয় জল, শৌচালয়, বসার চেয়ার প্রভৃতি ন্যূনতম সুবিধার বন্দোবস্ত করা হবে। এছাড়াও ভোটদাতাদের সুবিধার্থে সিভিজিল, সুবিধা, কেওয়াইসি, সক্ষম প্রভৃতি অ্যাপেরও সংস্থান থাকছে। অর্থশক্তি এবং পেশীশক্তির ব্যবহার রোধে কঠোর ব্যবস্থা নিতে বলেছে কমিশন। দাগী অপরাধীদের শনাক্তকরণের পাশাপাশি ড্রাগ ও মাদকের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের জন্য গুরুত্বপূর্ণ চেক পোস্টগুলিতে ২৪ ঘন্টা নজরদারি চালানোর নির্দেশ দেওয়া হয়েছে। বিভিন্ন ওয়ালেটের মাধ্যমে বেআইনী আর্থিক লেনদেন যাতে না হয় সেদিকেও নজর রাখতে বলা হয়েছে। কমিশনের পদস্থ আধিকারিকেরাও পর্যালোচনা বৈঠকে উপস্থিত ছিলেন।




ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার
নিউজ সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
৪ বর্ষ ২২২ সংখ্যা ১৪ আগস্ট, ২০২৪ বুধবার ২৯ শ্রাবণ, ১৪৩১

## হাতিদের রক্ষা করতে

### মানুষের সর্বাত্মক প্রসায়ের প্রশংসা করেছেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিশ্ব হস্তী দিবস উপলক্ষে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী হাতিদের রক্ষা করতে মানুষের সর্বাত্মক প্রয়াসের প্রশংসা করেছেন। হাতিরা যাতে বসবাসের উপযোগী জায়গা পায় তা নিশ্চিত করতে সবরকম সহায়তা দিতে দায়বদ্ধতার কথাও জানিয়েছেন শ্রী মোদী।

প্রধানমন্ত্রী আমাদের সংস্কৃতি এবং ইতিহাসে হাতির মূল্য এবং তার গুরুত্বও তুলে ধরেছেন। গত কয়েক বছর ধরে হাতিদের সংখ্যা বৃদ্ধিতে তিনি সন্তোষ প্রকাশ করেছেন। প্রধানমন্ত্রী এক্সে পোস্ট করেছেন;

"বিশ্ব হস্তী দিবস হাতিদের রক্ষায় মানুষের সর্বাত্মক প্রয়াসের প্রশংসা করার দিন। একই সঙ্গে আমরা হাতিদের বসবাসের উপযোগী জায়গা করে দিতে আমাদের দায়বদ্ধতা আরও একবার প্রকাশ করছি। ভারতে আমাদের কাছে হাতি আমাদের সংস্কৃতি এবং ইতিহাসের সঙ্গেও সম্পৃক্ত। এবং এটা খুশির বিষয় যে গত কয়েক বছর ধরে তাদের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে।"

## সম্পাদকীয়

### আওয়ামী লীগকে পুনর্বাসনের কোনও সুযোগ দেওয়া হবে না

রাষ্ট্রপতি, প্রধান বিচারপতির পরে এবার অন্তর্বর্তী সরকারের উপদেষ্টাদের হুমকি দিলেন পাকিস্তানি গুপ্তচর সংস্থা আইএসআইয়ের মদতপুষ্ট বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক হাসনাত আবদুল্লাহ ও সারজিস আলম। জামায়েত ইসলামীর সন্ত্রাসী ছাত্র সংগঠন ইসলামী ছাত্র শিবিরের শীর্ষ নেতা হিসেবে পরিচিত হাসনাত আবদুল্লাহ কার্যত বিদেশ মন্ত্রকের উপদেষ্টা তৌহিদ হাসান ও স্বরাষ্ট্র মন্ত্রকের উপদেষ্টা সাখাওয়াত হোসেনকে হুমকি দিয়ে বলেন, 'আওয়ামী লীগকে পুনর্বাসনের কোনও সুযোগ দেওয়া হবে না।হেফাজতে ইসলামীর তরফে এদিন প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূসকে জানিয়ে দেওয়া হয়েছে, বঙ্গবন্ধু, রবীন্দ্রনাথ ঠাকুর, মাইকেল মধুসূদন দত্ত-সহ যাদের মূর্তি রয়েছে, তা অবিলম্বে সরিয়ে নিতে হবে। নাহলে ওই মূর্তি ভেঙে গুঁড়িয়ে দেবে হেফাজতে ইসলামীর ক্যাডাররা।'যেসব উপদেষ্টা আওয়ামী লীগকে পুনর্বাসন দিতে চান, তাদের অবস্থাও গণভবনের মতো হবে। আমরা ছাত্র-জনতা যেভাবে উপদেষ্টা বানিয়েছি একইভাবে গদি থেকে নামাতে আমরা দ্বিধা করব না। এছাড়া ১৫ অগস্ট যদি কোনও প্রতিবিপ্লবের চেষ্টা চলে, তা প্রতিহত করা হবে। প্রয়োজনে আওয়ামী লীগ নেতা-কর্মীদের খুন করে রক্ত গঙ্গা বইয়ে দেওয়া হবে।'অন্যদিকে, সোমবারই প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূসের সঙ্গে দেখা করে ১৫ অগস্ট জাতীয় শোক দিবস পালন না করার জন্য সতর্ক করে দিয়েছে বিএনপি, জামায়েত ইসলামী, ইসলামী আন্দোলন বাংলাদেশ, হেফাজতে ইসলামীর মতো কট্টর সাম্প্রদায়িক দলগুলি। সেই সঙ্গে আওয়ামী লীগকে নিষিদ্ধ করারও দাবি তুলেছেন। হেফাজতে ইসলাম বাংলাদেশের আমির তথা কুখ্যাত জঙ্গি আলস্নামা মুহিব্বুল্লাহ বাবুনগরী ও মহাসচিব আল্লামা সাজেদুর রহমান হুমকি দিয়ে বলেছেন, ' শেখ মুজিব এবং হাসিনা তাদের শাসনামলে দুঃশাসন ছাড়া দেশকে আর কিছুই দেয়নি। বাংলাদেশের মাটিতে আওয়ামী লীগের কোনও ঠাঁই নেই। কোনও কোনও উপদেষ্টা ভারতীয় এজেন্ডা বাস্তবায়নের জন্য মাঠে নেমেছেন। তাদের সাবধান করে দেওয়া হচ্ছে।'

## গুরুর দেখানো পথে বিবেকানন্দ



মৃত্যুঞ্জয় সরদার

(পঞ্চম পর্ব)

মহাপ্রয়াণ ঘটে । তাঁর শিষ্যদের মতে, এ ছিল তাঁর মহাসমাধি । তবে এ কথাগুলো আমার নিজস্ব কথা নয় বিভিন্ন পত্রপুস্তক থেকে পাওয়া তথ্য অনুযায়ী বলছি, বিতর্কের জন্য নয়। জীবন মানে শুধু সংসার জীবনের শান্তি ও ছেলেপেলে মানুষ করা নয়, জীবনের বেড়াজালে অনেক বড় তার ভূমিকা। যা নিজে থেকে উপলব্ধি করতেই হবে এ সংসারে। এ সংসার জীবনের সবকিছু পাওয়ার



আছে, শুধু সময় আর নিজেকে একত্রতা করে তোলা, এটাই হচ্ছে মূলমন্ত্র। তার জন্য খুব প্রয়োজন ভালো একজন গুরু আর আত্মার পরিপূর্ণ তৃপ্তি এক শিষ্য পাওয়া। যেভাবে রামকৃষ্ণ পেয়েছিলেন বিবেকানন্দকে। সে কথা বলতে গেলে আবার বলতে হয়,রামকৃষ্ণের অন্যতম শিষ্য ছিলেন স্বামী বিবেকানন্দ। বিবেকানন্দ ছিলেন প্রথম যোগী যিনি ১৮৯৩ সালে শিকাগোতে বিশ্ব ধর্মের সংসদের জন্য মার্কিন যুক্তরাষ্ট্রে গিয়েছিলেন, যার পরে তিনি একটি আধ্যাত্মিক তরঙ্গ সৃষ্টি করেছিলেন। লোকেরা যখন নতুন কিছুর প্রতি খুব প্রতিরোধী ছিল, তখন তিনি এসে কিছু পরিমাণে আধ্যাত্মিক দরজা খুলে দিয়েছিলেন। বিবেকানন্দের প্রতি রামকৃষ্ণের খুব আলাদা

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## রাশিয়া, চীন ও উত্তর কোরিয়ার নেতাদের প্রশংসা ট্রাম্পের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনে রিপাবলিকান প্রার্থী ডোনাল্ড ট্রাম্প ধনকুবের ইলন মাস্ককে বহুপ্রতীক্ষিত সাক্ষাৎকার দিয়েছেন। দুই ঘণ্টা ধরে এই সাক্ষাৎকার হয়েছে। সাক্ষাৎকারে প্রতিদ্বন্দ্বী ডেমোর্ক্যাট প্রার্থী কমলা হ্যারিস, তার রানিং মেট টিম ওয়ালজ, ক্যাপিটাল হিলে হামলা, ট্রাম্পের ওপর হামলা নিয়ে আলোচনা হয়।



সাক্ষাৎকারে ডোনাল্ড ট্রাম্প রাশিয়া, চীন ও উত্তর কোরিয়ার নেতাদের প্রশংসা করেছেন। তারা বর্তমানে তাদের সর্বোচ্চ দক্ষতায় আছেন এবং যুক্তরাষ্ট্রের এমন একজন শক্তিশালী প্রেসিডেন্ট প্রয়োজন মন্তব্য করে তিনি বলেন, এমন প্রেসিডেন্ট প্রয়োজন যিনি তাদের মোকাবিলা করতে পারেন।

ইলন মাস্কের সঙ্গে এক সাক্ষাৎকারে ট্রাম্প বলেন, 'পুতিন, শি জিনপিং, কিম জং উন তাদের সেরা অবস্থানে আছেন।' তিনি বলেন, এই নেতারা প্রায়ই স্বৈরাচারী হিসেবে পরিচিত। তারা তাদের দেশকে ভালোবাসেন, তবে সেটি একটি ভিন্ন রকমের ভালোবাসা। ট্রাম্প মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনকে 'স্লিপি জো' হিসেবে আখ্যায়িত করে দাবি করেন, বাইডেনের কারণে রাশিয়া ইউক্রেনে আক্রমণ করেছে।

ট্রাম্প আরও বলেন, 'আমি পুতিনের সঙ্গে খুব ভালোভাবে মিশেছি এবং তিনি আমাকে সম্মান করেছেন। আমরা ইউক্রেন নিয়ে আলোচনা করতাম। এটি ছিল তার চোখের মণি। তবে আমি তাকে বলেছিলাম এটি করবেন না।'

এই সাক্ষাৎকারটি ইলন মাস্কের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম এক্স (পূর্বে টুইটার) এ সম্প্রচারিত হয়। যদিও প্রযুক্তিগত সমস্যার কারণে সাক্ষাৎকারটি নির্ধারিত সময়ের প্রায় ৪০ মিনিট পরে শুরু হয়। মাস্ক দাবি করেন, এটি একটি সাইবার আক্রমণের কারণে হয়েছে, যেখানে সার্ভার বা নেটওয়ার্ককে অকার্যকর করার চেষ্টা করা হয়েছিল।

এই সাক্ষাৎকারটি ট্রাম্পের পতনশীল প্রচার অভিযানকে পুনরুজ্জীবিত করার লক্ষ্যে অনুষ্ঠিত হয়েছে। এলন মাস্ক অতীতে ডেমোর্ক্যাটদের পক্ষে ভোট দিয়েছিলেন। কিন্তু এইবার তিনি ট্রাম্পকে সমর্থন দিচ্ছেন।

## সদ্য সমাপ্ত প্যারিস অলিম্পিকস্ক্র ২০২৪-এ অংশগ্রহণকারী

## ভারতীয় ক্রীড়াবিদদের প্রশংসা করেছেন প্রধানমন্ত্রী

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী প্যারিস অলিম্পিকস্ক্র-এ অংশগ্রহণকারী ভারতীয় ক্রীড়াবিদদের প্রচেষ্টার প্রশংসা করেছেন। আজ এই ক্রীড়া প্রতিযোগিতা শেষ হ'ল। ভারতীয় ক্রীড়াবিদদের নায়ক বলে বর্ণনা করে শ্রী মোদী ভবিষ্যতে তাঁদের আরও সাফল্য কামনা করেন। সামাজিক মাধ্যম এক্স-এ এক বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন, "প্যারিসে অনুষ্ঠিত #Olympics ক্রীড়া প্রতিযোগিতা শেষ হ'ল। এই প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ভারতীয় ক্রীড়াবিদদের প্রচেষ্টা প্রশংসার যোগ্য। প্রত্যেক ক্রীড়াবিদ তাঁদের সেরা ক্রীড়া নৈপুণ্য দেখিয়েছেন। দেশবাসী তাঁদের জন্য গর্বিত। ক্রীড়া জগতে আমাদের এই নায়ক-নায়িকাদের শুভেচ্ছা জানাই, ভবিষ্যতে তাঁরা আরও সাফল্য অর্জন করুন-এই কামনা করি"।

## সদস্য ও পেনশন প্রাপকদের নিয়ে কর্মচারী ভবিষ্যনিধি

## সংস্থার ১৩ অগাস্ট, ২০২৪ সরাসরি আলোচনাচক্র

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কর্মচারী ভবিষ্যনিধি সংস্থা (ইপিএফও) ১৩ অগাস্ট, ২০২৪-এ কর্মচারী ভবিষ্য নিধি হস্তান্তর নিয়ে পঞ্চম সরাসরি আলোচনাচক্রের আয়োজন করেছে দুপুর ১২টায়। ফেসবুক (@socialepfo), ইন্সট্রাগ্রাম (@social_epfo), ইউটিউব (@socialepfo)-এর মতো সামাজিক মাধ্যমে সরাসরি আলোচনাচক্রের আয়োজন করা হবে। এতে কর্মচারি ভবিষ্যনিধি হস্তান্তর, তার প্রক্রিয়া, ইউএএনএস/এমআইডিএস সংযুক্তিকরণ সংক্রান্ত অংশগ্রহণকারীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেবেন বিশেষজ্ঞরা। কর্মচারী ভবিষ্যনিধি সংস্থা সদস্য এবং পেনশন প্রাপকদের বিভিন্ন পরিষেবা বিষয়ে ওয়াকিবহাল করতে প্রতি মাসের দ্বিতীয় মঙ্গলবার সরাসরি আলোচনাচক্রের আয়োজন করে থাকে। "ইপিএস৯৫'- প্রকল্পের বিষয় নিয়ে প্রথম সরাসরি আলোচনাচক্র অনুষ্ঠিত হয় ১৪ মে, ২০২৪-এ। এরপর ফ্রিজড আমানত নিয়ে সংস্থার সামনে নানবিধ প্রশ্ন আসার পরিপ্রেক্ষিতে তা নিয়ে বিশেষ সরাসরি আলোচনা চক্রের আয়োজন করা হয়েছিল ৩১ জুলাই, ২০২৪-এ। এই জাতীয় আলোচনার উদ্দেশ্য হল, কর্মচারি ভবিষ্যনিধিতে সদস্য এবং পেনশন প্রাপকদের জীবনযাত্রার স্বাচ্ছন্দ্য বিধান এবং তাদের বিভিন্ন তথ্য সম্পর্কে ওয়াকিবহাল করা। কি জাতীয় সংস্কারমূলক পদক্ষেপ নেওয়া হচ্ছে এবং তার ফলশ্রুতি কি, সে সম্পর্কেও সদস্যদের সঠিক তথ্য পরিবেশন করতে সংস্থা সরাসরি খোলামেলা আলোচনার পথ বেছে নিয়েছে।

## সুন্দরবনবাসির রক্ষাকর্তা বনের মা বনবিবি দেবী



-: মৃত্যুঞ্জয় সরদার :-

জলে জঙ্গলে আলোড়ন ওঠে। খুদে দুখের সামনে এসে দাঁড়ান অসামান্য রুপসী এক তরুণী বনবিবি, হাতে খোলা তলোয়ার। কোলে তুলে নেন দুখে'কে। সব শুনে তাঁর চোখদু'টি রক্তজবার মতো লাল হয়ে ওঠে।

দুখে'কে আদর করে অনেক ধনরত্ন দিয়ে কুমিরের পিঠে চড়িয়ে মায়ের কাছে পাঠিয়ে দেন। ক্রোধে আগুন বনবিবির আদেশে তখন বনবিবির ভাই শাহ জঙ্গলী, যুদ্ধসাজে সজ্জিত হয়ে, বাঘরূপী দক্ষিণ রায় ও গাজী আউলিয়াকে সুন্দরবনের প্রত্যন্ত অঞ্চল থেকে বন্দি করে বনবিবির কাছে নিয়ে আসেন। **ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

৩ পাতার পর

## অসম বিজেপিতে আদি-নব্য লড়াই

নির্বাচনে রাজ্যের শাসক বিজেপির নেতাদের মধ্যে টিকিট পাওয়ার প্রত্যাশিতদের সক্রিয়তা বাড়ছে। উজান অসমে সর্বানন্দ সোনোয়ালের প্রভাব থাকলেও যে অসমে টিকিট প্রত্যাশীদের তিনি নন, হিমন্ত বিশ্ব শর্মাই প্রত্যাশা পূরণে সক্ষম সেই মনোভাব বাড়তে চলেছে। অসম প্রদেশ বিজেপিতে হিমন্ত বিশ্ব শর্মার বিরোধী বিক্ষুব্ধ নেতা-জন প্রতিনিধিদের ভূমিকার ওপর সজাগ দৃষ্টি রেখে চলেছেন বিজেপির কেন্দ্রীয় নেতৃত্ব। ২৬-এর বিধানসভা নির্বাচনের আগে চাপ সৃষ্টির লক্ষ্যেই যে বিক্ষুব্ধ নেতা-জনপ্রতিনিধির তৎপর হয়েছেন তা নিয়ে একমত অসমের রাজনৈতিক মহল।

# সিনেমার খবর

cinema TV

## স্বামীর সঙ্গে দূরত্ব পরিণীতির



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** গত সেপ্টেম্বরে বিয়ে করেছিলেন বলিউড অভিনেত্রী পরিণীতি চোপড়া। আর জুলাই মাসেই ঘর ভাঙতে চলেছে পরিণীতির। গতকাল বুধবার সকালে সমাজমাধ্যমে পরিণীতি জানিয়েছেন, তার সঙ্গে এই মুহূর্তে দূরত্ব রয়েছে স্বামীর। এই মুহূর্তে পরিণীতি রয়েছেন লন্ডনে। তার স্বামী রাঘব চাড্ডা ভারতে। সংসদে চলছে বাদল অধিবেশন।


আপ সাংসদ রাঘব ব্যস্ত সেখানেই। সরাসরি অধিবেশনের দিকে নজর রেখেছেন পরিণীতি। রাজ্যসভার প্রশ্নোত্তর পর্বে সক্রিয় রাঘবের দিকে তাকিয়ে রয়েছেন তিনি। এদিন ইনস্টাগ্রামে পরিণীতি একটি ভিডিও পোস্ট করেন। সেখানেই দেখা গিয়েছে, বাড়িতে অবসর যাপন করছেন, কোলে একটি ট্যাব। সেখানেই রাজ্যসভার অধিবেশন সরাসরি দেখছেন তিনি। বক্তব্য রাখছেন সাংসদ রাঘব চাড্ডা।

এর আগে পরিণীতি ইনস্টাগ্রামে একটি পোস্ট করেছিলেন। নিজের ভিডিওর সঙ্গে লিখেছিলেন, 'নিজের মানসিকতার সঙ্গে মেলে, এমন মানুষ খুঁজে নিন। বিষাক্ত মানুষদের জীবন থেকে ছেঁটে ফেলতে ভয় পাবেন না।' এর পরই শুরু হয় জল্পনা, তবে কি বিয়ে ভাঙতে চাইছেন? অনেক অনুরাগীও জিজ্ঞেস করেছিলেন, 'সব ঠিক আছে তো?' এদিন পরিণীতি বলেছেন, 'বহু দূর থেকে তাকে সরাসরি দেখার এটাই একমাত্র উপায়।'



## বঙ্গবন্ধুর ম্যুরাল ভাঙা নিয়ে মুখ খুললেন কঙ্গনা





**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** আওয়ামী লীগ সরকারের পতনের পর দেশের বিভিন্ন স্থানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরাল ভেঙে ফেলা হয়েছে। সামাজিক যোগাযোগমাধ্যমে সেসবের স্থিরচিত্র ওভিডিওছড়িয়েপড়েছে।

এমনই এক ভিডিও চোখে পড়েছে ভারতীয় অভিনেত্রী ও সংসদ সদস্য কঙ্গনা রানাউতের। বঙ্গবন্ধু ম্যুরাল ভেঙে ফেলার বিষয়টি মোটেও ভালোভাবে নেননি তিনি। জানিয়েছেন তীব্র প্রতিবাদ। নিজের ইনস্টাগ্রামে একটি ভিডিও স্টোরি শেয়ার করে কঙ্গনা লিখেছেন, 'বাংলাদেশিরা শেখ মুজিবুর রহমানের মূর্তির ওপর প্রস্রাব করছেন। তিনিই বাংলাদেশকে স্বাধীন করেছিলেন। স্বাধীনতা অর্জন করার পরেই তাকে হত্যা করা হয়েছিল। আমি ভাবছি, এই মানুষটা কী না করেছিলেন! তার ওপর কেন প্রস্রাব করছেন!'

এখানেই থামেননি কঙ্গনা। অভিনেত্রী আরও লেখেন, 'যারা পশুদের মতো এই কাজ করতে পারে, তারা আপনার সঙ্গে কী করবে, ভাবুন।'

যদিও বাংলাদেশের সামগ্রিক চিত্র নিয়ে বরাবরই বিস্ফোরক মন্তব্য করেন এই অভিনেত্রী। বিভিন্ন গুজবের সত্যতা যাচাই না করেই, সেসব নিয়েও ঘোলাটে পরিস্থিতি তৈরি করার চেষ্টা করেন তিনি।

এর আগে আরও এক পোস্টে শেখ হাসিনার ভারতে অবস্থান করা নিয়ে কঙ্গনা লেখেন, 'ভারত হলো তার আশেপাশের সকল মুসলিম রাষ্ট্রের আসল মাতৃভূমি। আমরা গর্বিত এবং সম্মানিত যে বাংলাদেশের প্রধানমন্ত্রী (সাবেক) ভারতে সুরক্ষিতবোধ করেন। কিন্তু যারা ভারতে থাকে তারা বারেবারে প্রশ্ন করে কেন হিন্দু রাষ্ট্র? কেন রাম রাজ্য? কেন সেটা তো বোঝাই যাচ্ছে!'

এখানেই থেমে যাননি কঙ্গনা। তিনি আরও লেখেন, 'মুসলিম দেশে তো মুসলমানরাও সুরক্ষিত নয়। আফগানিস্তান, পাকিস্তান, বাংলাদেশ, ব্রিটেনে যা ঘটছে সেটা খুবই দুর্ভাগ্যজনক। আমরা সৌভাগ্যবান যে রাম রাজ্যে থাকি। জয় শ্রী রাম।'


## অক্ষয়ের এমন উদ্যোগ দেখে আবেগে ভাসছেন ভক্তরা!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এবার ক্যামেরার সামনে অন্য রূপে ধরা দিলেন বলিউডে 'খিলাড়ি' নামে পরিচিত অক্ষয় কুমার। মুখে বাঁধা সাদা রুমাল, মাথায় টুপি, হাতে খাবারের থালা। এক ঝলকে দেখে বোঝার উপায় নেই, তিনি অক্ষয়। সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হওয়া এক ভিডিওতে দেখা যায়, নিজের বাড়িতেই একটি খাওয়া-দাওয়ার আয়োজন করেছেন অক্ষয়। এই খাওয়া-দাওয়ার আয়োজন সমাজের পিছিয়ে পড়া মানুষের জন্য, যাদের মাথার উপর নেই ছাদটুকু। জীবন কাটে রাস্তাতেই। তাদের জন্যই বাড়িতে রান্না করা খাবারের আয়োজন করেছেন খিলাড়ি কুমার। নিজেই বাড়িতে আগত মানুষের হাতে খাবারের থালা তুলে দিয়েছেন অক্ষয়।

তবে বোঝাই যাচ্ছে, অক্ষয়ের অজান্তেই এই দৃশ্য কেউ ক্যামেরাবন্দি করেছেন। ভক্ত-অনুরাগীরা বেশ প্রশংসা করেছেন। সম্প্রতি মুক্তি পেয়েছে তার অভিনীত ছবি 'সরফিরা'। সেই ছবি বক্স অফিসে সেই ভাবে সফল নয়। তবে এখন আসন্ন ছবি 'খেল খেল মে'-র প্রচার নিয়ে ব্যস্ত অক্ষয়। আগামী ১৫ আগস্ট এই ছবি প্রেক্ষাগৃহে মুক্তি পাবে। ছবিতে অক্ষয়ের সঙ্গে রয়েছে তাপসী পন্নু, বাণী কপূর, ফরদিন খান, অ্যামি ভির্ক, প্রজ্ঞা জয়সওয়াল, আদিত্য শীল প্রমুখ।

## বাগদান সারলেন নাগা চৈতন্য ও শোভিতা



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বাগদান সারলেন ভারতীয় অভিনেতা নাগা চৈতন্য ও শোভিতা ধুলিপালা। সম্পর্ক নিয়ে বহু দিন ধরে জল্পনা চললেও দু'জনেই মুখে কুলুপ এঁটেছিলেন। অবশেষে প্রকাশ্যে এল তাদের বাগদান পরবর্তী প্রথম ছবি।

নাগা চৈতন্যের বাবা নাগার্জুন আক্কিকেনি সমাজমাধ্যমে পোস্ট করেন ছেলের বাগদান নিয়ে। তিনি লেখেন 'শোভিতা ধুলিপালার সঙ্গে আমাদের ছেলে নাগা চৈতন্যের বাগদানের খবর দিতে পেরে আমি খুবই আনন্দিত। সকাল ৯.৪২ মিনিটে ওদের বাগদান সম্পন্ন হয়েছে। আমাদের পরিবারে শোভিতাকে স্বাগত জানাতে পেরে আমরা খুবই খুশি। যুগলকে অনেক শুভেচ্ছা। সারা জীবন ওদের জীবনে ভালোবাসা ও সুখ ভরে থাকুক। ঈশ্বর ওদের মঙ্গল করুন।'

উল্লেখ্য, ২০২১-এ অভিনেত্রী সামান্থা রুথ প্রভুর সঙ্গে বিবাহবিচ্ছেদের পথে হেঁটেছিলেন নাগা। দীর্ঘ চার বছরের দাম্পত্য ছিল তাদের। কিন্তু তার মধ্যেই শুরু হয় জটিলতা। তাই বিবাহবিচ্ছেদের সিদ্ধান্ত নিয়েছিলেন তারা। সামান্থার সঙ্গে সম্পর্কে থাকাকালীনই নাকি শোভিতার সঙ্গে সম্পর্কে জড়ান নাগা। যদিও, তখন নাগা বা শোভিতা কেউই সম্পর্ক নিশ্চিত করেননি।

তারকা জুটি একসঙ্গে ইউরোপ বেড়াতে গিয়েছিলেন বলে জানা যায়। সেখান থেকে একটি ছবি নেটপাড়ায় ছড়িয়ে পড়েছিল। দেখা গেছিল, নাগা ও শোভিতা ওয়াইন চেখে দেখার এক অনুষ্ঠান উপভোগ করছেন। সেখান থেকেই তাদের সম্পর্কের জল্পনা ঘনীভূত হতে থাকে।

## ভালো করার খিদে বেড়ে গিয়েছে কৌশানীর



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** 'আবার প্রলয়-তে 'মোহিনী মা' রূপে নজর কেড়েছিলেন কৌশানী মুখোপাধ্যায়, এবার তিনি 'বহুরূপী'-তেও ফিরছেন একেবারে নতুন লুকে, 'ঝিমলি'-এর চরিত্রে। গত সোমবার 'বহুরূপী'-এর পোস্টার লঞ্চের অনুষ্ঠানে 'ঝিমলি' হয়ে ওঠার নানা খুঁটিনাটি জানান এ অভিনেত্রী। পাশাপাশি 'আবার প্রলয়'-এর পরই যে তিনি 'বহুরূপী'-র জন্য ডাক পেয়েছেন, সেই জন্য পরিচালক রাজ চক্রবর্তীকেও কৃতজ্ঞতা জানাতে ভোলেননি নায়িকা। পোস্টার লঞ্চের অনুষ্ঠানে মঞ্চে এসে প্রথমেই কৌশানী 'আবার প্রলয়'-এর কথা উল্লেখ করে বলেন, 'সত্যি বলতে আমি বাড়িয়ে বলতে পারি না। দরকারের বেশি সত্যি কথা বলে ফেলি বলে আমার বদনামও রয়েছে ইন্ডাস্টিতে। 'আবার প্রলয়'-এর পর আমি প্রায় ৮ মাস কিছু কাজ করিনি। এর জন্য এমনও শুনতে হয়েছে যে আমি নাকি কাজ পাচ্ছি না। সেটা কিন্তু একেবারেই নয়। এর মাঝেও আমার কাছে অনেক কাজের অফার এসেছিল, কিন্তু আমি স্বেচ্ছায় সেইসব কাজ ছেড়ে দিয়েছি। কারণ আমার মনে হয়েছিল 'আবার প্রলয়'-তে আমাকে অন্যরকম ভাবে দেখে দর্শকরা যে ভালোবাসাটা দিয়েছিলেন, সেটা যেন আমার পরের ছবিতে একটু না কমে। 'আবার প্রলয়' আমার জন্য খুব বিশেষ ছিল। তারপর আসে 'বহুরূপী'-এর অফার।

'বহুরূপী'-এর অফার আসার পর তার প্রথম প্রতিক্রিয়া কী হয়েছিল তাও ভাগ করে নেন অভিনেত্রী। তিনি বলেন, 'উইন্ডোজ থেকে ফোন পাওয়ার পর নিজের বিশ্বাস করতেই প্রায় আধঘণ্টা সময় লেগেছিল। আমার মনে হয় বাংলার প্রত্যেকটা অভিনেতা অভিনেত্রীর স্বপ্ন যে, তারা একবার হলেও উইন্ডোজ প্রোডাকাশন হাউস ও শিবুদা (শিবপ্রসাদ মুখোপাধ্যায়), নন্দিতাদির (নন্দিতা রায়) সঙ্গে কাজ করবে। আর আমার জন্য উপরি পাওনা ছিল শুধুমাত্র প্রোডিউসার হিসেবে নয়, আমি তাদের পরিচালক হিসেবেও পেয়েছি। শিবুদা, নন্দিতাদি প্রত্যেকটা দৃশ্য করার আগে আমাকে বুঝিয়ে দিতেন। ওদের সঙ্গে কাজ করতে করতে আমার ভালো করার খিদে আরো বেড়ে গিয়েছে। আমি সব দৃশ্যের শেষে একবার করে ওদের থেকে 'ভালো' শুনতে চাইতাম। কারণ আমার মনে হত ওরা ভালো বললে দর্শকদেরও নিশ্চয়ই ভালো লাগবে। এই ছবিতে ওরাই আমার ভগবান।'

## ভারত ছোট মাঠে খেলে অভ্যস্ত, খোঁচা থিকসানার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বর্তমান বিশ্বের অন্যতম শক্তিশালী দল ভারত। অন্যদিকে বেশ কিছু দিন থেকেই কিছুটা কঠিন সময় পার করছে শ্রীলঙ্কা। সেখানে এবার ভারতের বিপক্ষে ২-০ ব্যবধানে সিরিজ জিতে নিয়েছে তারা। এমন জয়ের পর ভারতীয়দের খোঁচা মারলেন স্পিনার মহেশ থিকসানা। ২৭ বছর পর ভারতের বিপক্ষে দ্বিপাক্ষিক ওয়ানডে সিরিজ জিতেছে দলটি।

কলম্বোর রানাসিংহে প্রেমাদাসা স্টেডিয়ামে সিরিজের তৃতীয় ও শেষ ওয়ানডে ম্যাচে ভারতকে ১১০ রানে হারিয়েছে শ্রীলঙ্কা। আগে ব্যাটিং করে লঙ্কানরা ৭ উইকেটে ২৪৮ রান করলে জবাবে মাত্র ১৩৮ রান করে গুটিয়ে যায় ভারতীয় শিবির।

অথচ নতুন কোচ গৌতম গম্ভীরের অধীনে ভারত এবার আরও ভালো খেলবে বলেই প্রত্যাশা ছিল। টি-টোয়েন্টি সিরিজ জিতে এমন ইঙ্গিতও দিয়েছিল দলটি। কিন্তু প্রথম ওয়ানডে টাই হওয়ার পরের দুই ওয়ানডেতে সহজ জয়ই পায় লঙ্কানরা। লঙ্কানদের ডেরায় কার্যত দিশেহারা অবস্থা হয় ভারতের।

রোহিত শর্মারা ব্যর্থ হওয়ায় প্রশ্ন উঠছে তাদের পারফরমেন্স নিয়ে। বড়সড় খোঁচা দিয়ে থিকসানা বললেন, 'ভারতে ওরা ছোট গ্রাউন্ডে খেলে অভ্যস্ত, আর ভালো উইকেটও পাওয়া যায় ওখানে। কিন্তু প্রেমদাসা স্টেডিয়ামে আমরা জানতাম, উইকেটে যদি একটু টার্ন থাকে তাহলেই আমরা ম্যাচে রং বদলে দিতে পারব, কারণ আমাদের দলে বেশ ভালো স্পিনাররা রয়েছে।'

'শুধু আন্তর্জাতিক ক্রিকেটে নয়, ঘরোয়া ক্রিকেটেও আমাদের খেলোয়াড়রা এই ধরণের উইকেটে খেলে অভ্যস্ত, ফলে কোনও অসুবিধা হয়নি। এই জয় আমাদের দলের আত্মবিশ্বাস অনেকটা বাড়াবে, এই ম্যাচে খেলতে পেরে খুব ভালো লাগছে। আর ২৭ বছর পর অবশেষে ভারতের বিপক্ষে ওডিআই সিরিজ জিতে গর্বিত বোধ করছি,' যোগ করেন থিকসানা।

দলগত ঐক্যেই জয় মিলেছে জানিয়ে থিকসানা আরও বলেন, 'আমরা যখন ব্যাটিং করেছি তখনই বুঝেছিলাম পরের দিকে উইকেট ব্যাটারদের সুবিধা দেবে, তাই আমাদের আরও ভালো বোলিং করতে হত। রোহিত এসেই আমায় হিট করতে শুরু করে, কিন্তু আসিথা এসে ধাক্কা দেয়। এরপর ভেলালাগে এবং ভেনডার্সি বেশ ভালো বোলিং করে। দলগত ঐক্যই শেষ পর্যন্ত জয় এসেছে।'

# ৩৩ বছর বয়সে জাতীয় দলের দুয়ার খুলল থারাকার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এক যুগের বেশি সময় ধরে খেলছেন প্রথম শ্রেণির ক্রিকেটে। হয়ে গেছে ম্যাচ খেলার সেঞ্চুরিও। অবশেষে ৩৩ বছর বয়সে জাতীয় দলের দুয়ার খুলল নিসালা থারাকার। ইংল্যান্ড সফরে তিন টেস্টের সিরিজের জন্য ৩৩ বছর বয়সী এই পেস বোলিং অলরাউন্ডারকে ১৮ সদস্যের দলে রেখেছে শ্রীলঙ্কা।

ডাক পেয়েছেন অভিষেকের অপেক্ষায় থাকায় পেসার মিলান রাত্নায়েকেও। লম্বা সময় পর টেস্ট দলে ফিরেছেন পাথুম নিসাঙ্কা। এই টপ অর্ডার ব্যাটসম্যানের অভিষেক হয় ২০২১ সালে। ৯ টেস্টের সবশেষটি খেলেছেন তিনি ২০২২ সালের জুলাইয়ে।

সাদা বলে দারুণ পারফরম্যান্সে দীর্ঘ সময় পর লাল বলের দলে ফিরেছেন লেগ স্পিনার জেফ্রি ভ্যান্ডারসেও। একমাত্র টেস্টটি তিনি খেলেছেন ২০২২ সালের জুলাইয়ে। কদিন আগে ভারতের বিপক্ষে দ্বিতীয় ওয়ানডেতে ক্যারিয়ার সেরা বোলিংয়ে ৩৩ রানে ৬ উইকেট নেন তিনি।

থারাকা এখন পর্যন্ত প্রথম শ্রেণির ম্যাচ খেলেছেন ১০৭টি। উইকেট নিয়েছেন ২৫৭টি। রান করেছেন ২ হাজার ৩৫৮। সেঞ্চুরি আছে একটি। গত মে মাসে শ্রীলঙ্কা 'এ' দলের হয়ে আফগানিস্তান 'এ' দলের বিপক্ষে চার দিনের ম্যাচে দ্বিতীয় ইনিংসে ৪২ রানে ৬ উইকেট নেন তিনি।

রাত্নায়েকে এই বছরের শুরুতে আফগানিস্তানের বিপক্ষে একমাত্র টেস্টের দলেও ডাক পেয়েছিলেন, তবে খেলার সুযোগ পাননি। এখন পর্যন্ত ৩৯ প্রথম শ্রেণির ম্যাচে ৭৯ উইকেট নেওয়ার পাশাপাশি ব্যাট হাতে ৬৩৩ রান করেছেন ২৮ বছর বয়সী এই ক্রিকেটার। শ্রীলঙ্কা 'এ' দলের হয়ে ধারাবাহিক পারফরমারদের একজন তিনি। আগামী ২১ অগাস্ট ম্যানচেস্টারে শুরু হবে প্রথম টেস্ট। লর্ডসে দ্বিতীয় টেস্ট শুরু ২৯ অগাস্ট। ৬ সেপ্টেম্বর থেকে শেষ টেস্ট হবে দা ওভালে।

শ্রীলঙ্কা টেস্ট দল: ধানাঞ্জয়া ডি সিলভা (অধিনায়ক), কুসাল মেন্ডিস (সহ-অধিনায়ক), দিমুথ কারুনারাত্নে, নিশান মাদুশকা, পাথুম নিসাঙ্কা, অ্যাঞ্জেলো ম্যাথিউস, দিনেশ চান্দিমাল, কামিন্দু মেন্ডিস, সাদিরা সামারাউইক্রামা, আসিথা ফার্নান্দো, ভিশ্ব ফার্নান্দো, কাসুন রাজিথা, লাহিরু কুমারা, নিসালা থারাকা, প্রাবাথ জায়াসুরিয়া, রামেশ মেন্ডিস, জেফ্রি ভ্যান্ডারসে, মিলান রাত্নায়েকে।

# প্রিয় কুকুরকে স্বর্ণ উৎসর্গ করলেন ডাচ সাঁতারু



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ম্যারাথনে স্বর্ণ জিতে নিজের প্রিয় পোষা কুকুর 'রিওকে' উৎসর্গ করেছেন নেদারল্যান্ডের সাঁতারু শ্যারন ফন রুভেনডাল। সিন নদীতে মেয়েদের ম্যারাথনে ২ ঘণ্টা ৩ মিনিট ৩৪.২ সেকেন্ডে স্বর্ণ জিতেছেন তিনি। প্রথম অ্যাথলেট হিসেবে ম্যারাথনে দুটি স্বর্ণ জিতেছেন ডাচ সাঁতারু। এর আগে ২০১৬ রিও অলিম্পিকে স্বর্ণ জিতেছেন তিনি।

প্যারিস অলিম্পিকে প্রিয় রিওর জন্যই লড়েছেন বলে পরে জানিয়েছেন রুভেনডাল। তিনি বলেছেন, 'এ বছরের শুরুটা দুর্দান্ত হয়েছিল। দুইবার বিশ্বচ্যাম্পিয়ন হওয়া। কিন্তু গত মে মাসে আমার ছোট্ট কুকুরের মৃত্যু হয়। শোকে তিন সপ্তাহ সাঁতারের অনুশীলন করিনি। সে আমার ছোট্ট শিশু ছিল।'

তবে রুভেনডালের পিতা তাকে রিওর জন্য লড়াইয়ে নামতে বলেন। এরপর অনুশীলন শুরু করেন তিনি। সঙ্গে হাতে রিওর একটি উল্কি এঁকে নেন।

৩০ বছর বয়সী নারী ডাচ সাঁতারু বলেছেন, 'আমার বাবা বলল, আরেকবার সাঁতারে নামো, সবকিছু দিয়ে তার (রিও) জন্য লড়। রিওর কাজকর্ম শেষ হওয়ার তিন দিন পর একটা ট্যাটু এঁকে নিয়েছিলাম হাতে। আর নিজেকে বলি, আমার পুরো হৃদয় দিয়ে তার জন্য আমি সাঁতারে লড়াই করব। আমি পেরেছি এবং তার জন্যই স্বর্ণ জিতেছি।'

## ইউএস ওপেনেও খেলবেন না নাদাল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আপ্রাণ চেষ্টা করেও অলিম্পিকে পদক জেতা হয়নি। এবার ইউএস ওপেন থেকেও নাম প্রত্যাহার করে নিয়েছেন রাফায়েল নাদাল।


সামাজিক যোগাযোগমাধ্যমে এক পোস্টে তিনি নিজেই বিষয়টি জানিয়েছেন। একই পোস্টে নাদাল নিশ্চিত করেন, সেপ্টেম্বরের লেভার কাপে তাকে দেখা যাবে। তবে ঠিক কী কারণে নাম প্রত্যাহার করেছেন, সেই বিষয়ে খোলাসা করেননি।

সামাজিক যোগাযোগমাধ্যমে নাদাল বলেন, 'সবাইকে জানাতে চাই, এ বছরের ইউএস ওপেনে খেলতে পারব না। নিউইয়র্কে আমার প্রচুর স্মৃতি রয়েছে। আর্থার অ্যাশ স্টেডিয়ামে রাতের দিকে দুর্দান্ত পরিবেশে খেলা ম্যাচগুলো খুব মিস করব। তবে এবার ১০০ শতাংশ দিতে পারব না বলেই নাম তুলে নিয়েছি।'

চলতি বছরে এ নিয়ে তৃতীয়বারের মতো গ্র্যান্ডস্ল্যাম টুর্নামেন্টে অংশ নিচ্ছেন না তিনি। এর আগে, উইম্বলডন এবং অস্ট্রেলিয়ান ওপেনও খেলেননি ২২ বারের গ্র্যান্ড স্ল্যামজয়ী এই তারকা।

দীর্ঘ ক্যারিয়ারে ফ্রেঞ্চ ওপেনে সবচেয়ে বেশি ১৪টি ট্রফি জিতেছেন নাদাল। এ ছাড়া ইউএস ওপেনে দ্বিতীয় সর্বোচ্চ চারটি ট্রফি জেতেন তিনি, সর্বশেষটি ২০১৯ সালে।

# বর্ণিল এক যাত্রার ইতি টানলেন পেপে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সর্বশেষ ইউরোতে ফ্রান্সের বিপক্ষে কোয়ার্টার ফাইনাল ম্যাচে হারার পর পর্তুগালের ডিফেন্ডার পেপের অবসরের গুঞ্জন উঠেছিল। যদিও সে সময় তিনি কিছু জানাননি। তবে আজকের ঘোষণায় ইউরোর ম্যাচটি তার ক্যারিয়ারের শেষ ম্যাচ হয়ে থাকল।

সামাজিক যোগাযোগ মাধ্যমে এক ভিডিও বার্তায় পেপে বলেছেন, 'পথচলা চালিয়ে যেতে আমাকে জ্ঞান দেওয়ার জন্য সৃষ্টিকর্তাকে ধন্যবাদ জানাতে চাই। আমার ক্যারিয়ারে অবদান রাখার জন্য সবাইকে ধন্যবাদ জানাতে চাই।'

সর্বশেষ ইউরোতেই রেকর্ড গড়েছেন পেপে। মহাদেশীয় শ্রেষ্ঠত্বের টুর্নামেন্টে সবচেয়ে বয়স্ক খেলোয়াড়ের রেকর্ড গড়েছেন ৪১ বছর বয়সী ডিফেন্ডার। ৪১ বছর ১৩০ দিন বয়সে রেকর্ডটা নিজের করে নেন তিনি। তার আগে এই রেকর্ডটি ছিল হাঙ্গেরির গোলরক্ষক গ্যাবোর কিয়ারলির।

২০১৬ ইউরোয় ৪০ বছর ৮৬ দিন বয়সে রেকর্ডটি গড়েছিলেন তিনি।

২০০৭ সালে পর্তুগালের হয়ে অভিষেক হয় পেপের। দীর্ঘ ১৭ বছরের জাতীয় দলের হয়ে ১৪১ ম্যাচ খেলেছেন তিনি। রক্ষণভাগ সামলানোর দায়িত্বে থাকলেও দলের হয়ে ৮ গোল করেছেন তিনি। ২০১৬ ইউরোজয়ী এই ডিফেন্ডার রিয়াল মাদ্রিদের হয়ে ক্লাব পর্যায়ের সম্ভাব্য সব শিরোপাই জিতেছেন তিনি।

রিয়ালের হয়ে ১০ মৌসুম খেলে তিনটি করে লা লিগা ও চ্যাম্পিয়নস লিগ জিতেছেন পেপে। সঙ্গে দুটি ফিফা ক্লাব বিশ্বকাপও রয়েছে তার নামের পাশে। ক্যারিয়ারের শেষটা করলেন পোর্তোর হয়ে। দুই মেয়াদে দলের হয়ে চারটি লিগ শিরোপা জিতেছেন তিনি।

# গ্যালারিতে বসে মায়ামির রোমাঞ্চকর জয় দেখলেন মেসি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চোটের সঙ্গে লড়াই শেষ হয়নি লিওনেল মেসির। তবু ইন্টার মায়ামির খেলায় মাঠেই ছিলেন আর্জেন্টাইন মহাতারকা। গ্যালারিতে বসেই উপভোগ করলেন লিগস কাপে মায়ামির রোমাঞ্চকর এক জয়।

শুক্রবার সকালে নিজেদের মাঠ ফ্লোরিডার চেস স্টেডিয়ামে দশজনের দল নিয়েও আসরের রাউন্ড ৩২-এর ম্যাচে টরেন্টোকে ৪-৩ গোলে হারায় মায়ামি। দলের জয়ে চার গোলেই অ্যাসিস্ট ছিলেন জর্দি আলবা।

ম্যাচের ২৭তম মিনিটে ডেভিড মার্তিনেস লাল কার্ড দেখে মাঠ ছাড়লে দশজনের দলে পরিনত হয় মায়ামি। ততক্ষণে অবশ্য স্কোরলাইন ৩-১!

ম্যাচের প্রথম ৩০ মিনিট ছিল পুরোটাই পাগলাটে। শিরোপা ধরে রাখার অভিযানে এদিন তৃতীয় মিনিটেই মাতিয়াস রোয়াসের গোলে এগিয়ে যায় মায়ামি। আট মিনিটের মাথায় ব্যবধান দ্বিগুণ করেন দিয়েগো গোমেস। খানিক পর স্পটকিক থেকে ব্যবধান কমান লরেন্সো ইনসিনিয়ে। কিন্তু ম্যাচের বয়স ২০ মিনিট হতেই ব্যবধান ৩-১ করে দেন লুইস সুয়ারেস।

উরুগুয়ান তারকার দারুণ ফিনিশিং মাঠে বসে উপভোগ করেন মেসি। গোলরক্ষকের মাথার উপর দিয়ে ছোট্ট করে বল বাড়িয়ে করা বন্ধুর গোলে হাসতে দেখা যায় মেসিকে। এর সাত মিনিটের মাথায় লাল কার্ডের খাড়ায় পড়েন মার্তিনেস।

একজন কম হয়ে যাওয়ায় মায়ামির খেলায় ছন্দপতন হয়। তবে রক্ষণ দৃঢ় রেখে পাল্টা আক্রমণে ভীতি ধরায় জেরার্দো মার্তিনোর দল। ৪১তম মিনিটে আবারও স্পটকিক থেকে ব্যবধান কমান টরেন্টোর ইতালিয়ান ফরোয়ার্ড ইনসিনিয়ে।

৫৯তম মিনিটে চতুর্থ গোলের দেখা পেয়ে যায় মায়ামি। ম্যাচে নিজের দ্বিতীয় গোল করেন রোয়াস। শেষ দিকে নোয়া অ্যালেনের আত্মঘাতি গোলে ব্যবধান কমাতে পারলেও হার এড়াতে পারেনি টরেন্টো।

এই জয়ে লিগস কাপের শেষ ষোলোয় উঠল মায়ামি।

## শ্রীলঙ্কার কাছে সিরিজ হারলেও উদ্বিগ্ন নন রোহিত



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ২৭ বছর পর শ্রীলঙ্কার বিপক্ষে দ্বি-পাক্ষিক ওয়ানডে সিরিজ হেরেছে ভারত। প্রথম ওয়ানডে জেতার অবস্থা থেকে টাই হয়, পরের দুটিতে লড়াই জমাতে পারেনি তারা। সম্ভাব্য সেরা দল নিয়েও শ্রীলঙ্কার কাছে এই হার ভারতের জন্য অস্বস্তির কারণ। তবে সিরিজ হার নিয়ে উদ্বিগ্ন নন দলটির অধিনায়ক রোহিত শর্মা।

কলম্বোতে তিনটি ওয়ানডেতেই উইকেট ছিলো মন্থর ও টার্নিং। শ্রীলঙ্কাকে প্রথম ম্যাচে ২৩০ রানে আটকে জেতার পথেই ছিল ভারত। নাটকীয় ধসে ম্যাচ হয়ে যাই টাই। পরের দুই ম্যাচে লঙ্কানদের ২৪০ ও ২৪৮ রান টপকাতে গিয়ে ৩২ ও ১১০ রানের বড় ব্যবধানে হারে বিশ্বের অন্যতম শক্তিশালী দল।

এই হারের ব্যাখ্যায় ভারত অধিনায়ক জানান তাদের পরিকল্পনায় ছিল গলদ, 'উদ্বিগ্ন হওয়ার মতন কিছু আছে বলে মনে হয় না। কিন্তু গুরুত্ব দিয়ে দেখতে হবে। আমাদের পরিকল্পনাকে খতিয়ে দেখতে হবে। পুরো সিরিজ জুড়ে আমরা চাপে ছিলাম। নতুন পরিকল্পনা করতে হবে আমাদের।'

পুরো সিরিজ হয়েছে টার্নিং উইকেটে। এসব উইকেটে সাফল্য পেতে আগ্রাসী ব্যাটিং দরকার ছিল বলে অনুধাবন করছেন রোহিত, 'টার্নিং উইকেটে বোলারদের উপর চড়াও হতে হয়। আমাদের আরেকটু সাহস দেখানো দরকার ছিলো। আমরা পুরো সিরিজে তাদের চাপে ফেলার মতন সাহসী ছিলাম না। এই কারণেই পিছিয়ে যাই।'

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR